Approved as a Text Book for Class VIII by the Govt. of Bengal (Vide Calcutta Gazette, 13th November 1930.)

ELEMENTS
OF
SANSKRIT GRAMMAR AND COMPOSITION.

BOOK II.

[PREPARED IN STRICT ACCORDANCE WITH THE NEW SYLLABUS FOR CLASS VIII OF THE SECONDARY SCHOOLS OF BENGAL.)

BY

HARIHARA VIDYABHUSAN, M.A.

PROFESSOR OF SANSKRIT, PRESIDENCY COLLEGE, CALCUTTA

B. BANERJEE & CO.

25, CORNWALLIS STREET, CALCUTTA.

1931.

Board bound two annas extra. Price annas Fourteen only.

Published by—NARAYAN DAS PAL.

for **Messrs. B. BANERJEE & Co.**

25, Cornwallis Street, Calcutta.

Pages 1 to 32 Printed at the Bharatmihir Press
by Sarveswar Bhattacharyya

„ 33 to 128 „ Prakash Press
by Krishna Prasad Ghosh

„ 129 to 208 „ „ „ Kantik Press
by Kshitish Chandra Ganguly

„ 209 to 245 „ „ „ Indian Directory Press
by Panchanan Bagchi

সূচীপত্র

CONTENTS.

N. B. Exercises for translation of simple passages and easy sentences into Bengali or into English and also for translation of simple passage from Bengali or English into Sanskrit have been given at the end of each chapter of the book.

ELEMENTS

OF

SANSKRIT GRAMMAR AND COMPOSITION

Book II.

I. SANSKRIT ALPHABETS.

১। সংস্কৃত বর্ণমালা স্বর ও ব্যঞ্জন এই দুই ভাগে বিভক্ত।

২। যে বর্ণের উচ্চারণ করিতে অন্য বর্ণের সাহায্যের প্রয়োজন হয় না, তাহাকে **স্বরবর্ণ** বলে। যথা, অ, আ, ই, ঈ ইত্যাদি।

৩। স্বরবর্ণের সহায়তা ব্যতীত যে বর্ণের উচ্চারণ হয় না, তাহাকে **ব্যঞ্জনবর্ণ** বলে। যথা, ক, খ, গ, ঘ, ঙ, ইত্যাদি।

স্বরবর্ণ। (Vowels).

৪। স্বরবর্ণের মধ্যে কতকগুলি **হ্রস্ব** (Short) এবং কতকগুলি **দীর্ঘ** (Long) *

হ্রস্বস্বর—অ ই, উ, ঋ এবং ৯।

দীর্ঘস্বর—আ, ঈ, ঊ ৠ, ,, ঐ, ও, ঔ,

---

* হ্রস্বস্বরকে লঘুস্বর বলে এবং দীর্ঘস্বর, অনুস্বার ও বিসর্গ-যুক্তস্বর এবং যুক্তাক্ষরের পূর্ব্ব-স্বর হ্রস্ব হইলেও গুরু বলিয়া গণ্য।

ব্যঞ্জনবর্ণ। (Consonants).

৫। ব্যঞ্জনবর্ণ সমূহ নিম্নলিখিত নানা ভাগে বিভক্ত।

ক, খ, গ, ঘ, ঙ—ক-বর্গ।

চ, ছ, জ, ঝ, ঞ—চ-বর্গ।

ট, ঠ, ড, ঢ, ণ—ট-বর্গ।

ত, থ, দ, ধ, ন—ত-বর্গ।

প, ফ, ব, ভ, ম—প-বর্গ।

ক হইতে ম পর্য্যন্ত স্পর্শ বর্ণ। (Mutes).

য, র, ল, ব—অন্তঃস্থবর্ণ। (Semi-vowels).

শ, ষ, স, হ—উষ্মবর্ণ। (Sibilants).

ং (অনুস্বার) এবং ঃ (বিসর্গ)—অযোগবাহ।

N. B. ঁ (চন্দ্রবিন্দু), ´(রেফ), ড়, ঢ়, য়, এই কয়টি স্বতন্ত্র বর্ণ নহে; উহারা যথাক্রমে ম, র, ড, ঢ, এবং য ইহাদের পরিবর্ত্তিত আকার মাত্র।

৬। বর্ণসমূহের উচ্চারণ-স্থানভেদে নাম-ভেদ।

কণ্ঠ্যবর্ণ (Gutturals)—অ, আ, কবর্গ এবং হ।

তালব্যবর্ণ (Palatals)—ই, ঈ, চবর্গ, য় এবং শ।

মূর্দ্ধন্য বর্ণ (Cerebrals,)—ঋ, ৠ, টবর্গ, র এবং ষ।

দন্ত্যবর্ণ (Dentals)—ঌ, তবর্গ, ল এবং স।

ওষ্ঠ্যবর্ণ (Labials)—উ, ঊ, এবং পবর্গ।

কণ্ঠ্যতালব্য বর্ণ (Gutturo-palatals)—এ এবং ঐ।

কণ্ঠৌষ্ঠ্য বর্ণ (Gutturo-labials)—ও এবং ঔ।

দন্তৌষ্ঠ্যবর্ণ (Dento-labial)—ব (অন্তঃস্থ ব)।

অনুনাসিক (Nasal)—ং (অনুস্বার)। (Also, ঙ, ঞ, ণ, ন এবং ম)।

ঃ (বিসর্গ) যখন যে স্বর বর্ণের পরে থাকে, তখন সেই স্বর বর্ণের উচ্চারণ-স্থানভাগী হয়।

৭। এক বা একাধিক বর্ণের সংযোগে শব্দ গঠিত হয়; কোন কোন বর্ণের যোগে কোন কোন শব্দ বা পদ গঠিত হইয়াছে, তাহা প্রদর্শন করার নাম "বর্ণ-বিশ্লেষণ"। যেমন মিশ্র = ম্ + ই + শ্ + র্ + অ। বৃক্ষঃ = ব্ + ঋ + ক্ + ষ্ + অ + ঃ ইত্যাদি।

EXERCISE I.

1. Define :—বর্ণ, স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ, স্পর্শবর্ণ and উষ্মবর্ণ।

2. What do you mean by the term 'অযোগবাহ'?

3. Arrange in due order the letters contained in the following words :—বক্ষঃ, লক্ষ্মীঃ, তার্ক্ষ্যঃ, ঊর্দ্ধম্, পার্শ্বঃ, মাহাত্ম্যম্ and ব্রহ্মা। [*e.g.* বক্ষঃ = ব + অ + ক্ + ষ্ + অঃ]।

4. Find out the short vowels in the following words :—

অহম্, যুষ্মাভিঃ, রেবতী, আলস্যম্, তদানীম্, ঐরাবতঃ, মনোহরম্, দিবৌকসঃ and কৈকেয়ী।

---

2. সন্ধি। Euphonic Combination.

সন্ধি—দুই বর্ণ পরস্পর অত্যন্ত সন্নিহিত হইলে, উভয়ে মিলিত হয়। এই মিলনকে **সন্ধি** বলে।

সন্ধি দুই প্রকার—(ক) স্বরসন্ধি, (খ) ব্যঞ্জন-সন্ধি ও বিসর্গ সন্ধি।

স্বরবর্ণে স্বরবর্ণে মিলিত হইয়া যে সন্ধি হয়, তাহাকে **স্বর সন্ধি** বলে। ব্যঞ্জনবর্ণে ও স্বরবর্ণে অথবা ব্যঞ্জনবর্ণে ও ব্যঞ্জনবর্ণে মিলিত হইয়া যে সন্ধি হয়, তাহাকে **ব্যঞ্জন সন্ধি** বলে।

বিসর্গের সহিত স্বর অথবা ব্যঞ্জন মিলিত হইয়া যে সন্ধি হয়, তাহাকে **বিসর্গ সন্ধি** বলে; ইহা ব্যঞ্জন সন্ধিরই অন্তর্গত।

(ক) স্বর-সন্ধি।

১। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'অ' কিংবা 'আ' থাকে, তবে উভয়ে মিলিয়া 'আ' হয়। 'আ' পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা,—

অ+অ=আ। হিম+অচলঃ=হিমাচলঃ, বিচার+অন্ধঃ=বিচারান্ধঃ।

অ+আ=আ। দেব+আলয়ঃ=দেবালয়ঃ, জল+আশয়ঃ=জলাশয়ঃ।

আ+অ=আ। সুধা+অংশুঃ=সুধাংশুঃ। লতা+অন্তঃ=লতান্তঃ।

আ+আ=আ। মহা+আশয়ঃ=মহাশয়ঃ। সুধা+আকরঃ=সুধাকরঃ।

২। যদি হ্রস্ব 'ই'কার কিংবা দীর্ঘ 'ঈ'কারের পর ই কিংবা ঈ থাকে, তবে উভয়ে মিলিয়া ঈ হয়। ঈ পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—

ই+ই=ঈ। গিরি+ইন্দ্রঃ=গিরীন্দ্রঃ। ইতি+ইদম্—ইতীদম্।

ই+ঈ=ঈ। গিরি+ঈশ্বরঃ=গিরীশ্বরঃ। পরি+ঈক্ষা=পরীক্ষা।

ঈ+ই=ঈ। মহী+ইন্দ্রঃ=মহীন্দ্রঃ। নারী+ইচ্ছা=নারীচ্ছা।

ঈ+ঈ=ঈ। পৃথিবী+ঈশ্বরঃ=পৃথিবীশ্বরঃ। মহী+ঈশঃ=মহীশঃ।

৩। যদি হ্রস্ব 'উ'কার কিংবা দীর্ঘ 'ঊ'কারের পর উ কিংবা ঊ থাকে, তবে উভয়ে মিলিয়া ঊ হয়। ঊ পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—

উ+উ=ঊ। বিধু+উদয়ঃ=বিধূদয়ঃ। সাধু+উত্তমঃ=সাধূত্তমঃ।

উ+ঊ=ঊ। লঘু+ঊর্ম্মিঃ=লঘূর্ম্মিঃ। তরু+ঊর্দ্ধম্=তরূর্দ্ধম্।

ঊ+উ=ঊ। বধূ+উক্তিঃ=বধূক্তিঃ। ভ্রূ+উন্নতিঃ=ভ্রূন্নতিঃ।

ঊ+ঊ=ঊ। ভূ+ঊর্দ্ধম্=ভূর্দ্ধম্। বধূ+ঊরুঃ=বধূরুঃ।

৪। যদি 'ঋ' কারের পর ঋ থাকে, তবে উভয়ে মিলিয়া দীর্ঘ ৠ হয়। দীর্ঘ ৠ পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—

ঋ+ঋ=ৠ। পিতৃ+ঋণম্=পিতৄণম্। ভ্রাতৃ+ঋদ্ধিঃ=ভ্রাতৄদ্ধিঃ।

৫। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর ই কিংবা ঈ থাকে, তবে উভয়ে মিলিয়া 'এ'কার হয়। 'এ' পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—

অ+ই=এ। নর+ইন্দ্রঃ=নরেন্দ্রঃ। শুভ+ইচ্ছা=শুভেচ্ছা।

অ+ঈ=এ। পরম+ঈশ্বরঃ=পরমেশ্বরঃ। অব+ঈক্ষণম্=অবেক্ষণম্।

আ+ই=এ। মহা+ইভঃ=মহেভঃ। যথা+ইষ্টম্=যথেষ্টম্।

আ+ঈ=এ। রমা+ঈশঃ=রমেশঃ। যথা+ঈপ্সিতম্=যথেপ্সিতম্।

৬। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর উ কিংবা ঊ থাকে, তবে উভয়ে মিলিয়া 'ও'কার হয়। 'ও' পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—

অ+উ=ও। চন্দ্র+উদয়ঃ=চন্দ্রোদয়ঃ। নর+উত্তমঃ=নরোত্তমঃ।

অ+ঊ=ও। চল+ঊর্ম্মিঃ=চলোর্ম্মিঃ। নব+ঊঢ়া=নবোঢ়া।

আ+উ=ও। মহা+উৎসবঃ=মহোৎসবঃ। তথা+উক্তম্=তথোক্তম্

আ+ঊ=ও। মহা+ঊর্ম্মিঃ=মহোর্ম্মিঃ। জঙ্ঘা+ঊরূ=জঙ্ঘোরূ।

৭। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর ঋ থাকে, তবে উভয়ে মিলিয়া অর্ হয়। অ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং র্ (রেফ্) পর বর্ণের মস্তকে যায়। যথা,—অ+ঋ=অর্। শীত+ঋতুঃ=শীতর্ত্তুঃ। নর+ঋষভঃ=নরর্ষভঃ।

আ+ঋ=অর্। বর্ষা+ঋতু=বর্ষর্ত্তুঃ। মহা+ঋষিঃ=মহর্ষিঃ।

৮। যদি উপসর্গের 'অ'কার কিংবা 'আ'কারের পর ধাতুর 'ঋ'কার থাকে, তবে উভয়ে মিলিয়া আর্ হয়। আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং র্ (রেফ) পরবর্ণের মস্তকে বায়। যথা,—

(উপসর্গের) অ+(ধাতুর) ঋ=আর্। প্র+ঋচ্ছতি—প্রার্চ্ছতি।
অপ+ঋচ্ছতি=অপার্চ্ছতি।

" আ+ " ঋ=আর্। পরা+ঋষতি=পরার্ষতি।
আ+ঋষতি=আর্ষতি।

৯। প্র, বৎসর, বৎসতর প্রভৃতি কয়েকটি শব্দের পরে 'ঋণ' শব্দ থাকিলে, ঋ স্থানে আর্ হয়। আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং র্ (রেফ) 'ণ'

এর মস্তকে যায়। যথা,—প্র+ঋণম্=প্রার্ণম্। বৎসর+ঋণম্=বৎসরার্ণম্। বৎসতর+ঋণম্=বৎসতরার্ণম্। কম্বল+ঋণম্=কম্বলার্ণম্। বসন+ঋণম্=বসনার্ণম্। দশ+ঋণঃ=দশার্ণঃ (দেশবিশেষ)। ঋণ+ঋণম্=ঋণার্ণম্।

১০। 'অ'কার কিংবা 'আ'কারের পর ঋতশব্দ থাকিলে এবং তৃতীয়া তৎপুরুষ সমাস হইলে, ঋ স্থানে আর্ হয়। যথা,—শীত+ঋতঃ=শীতার্ত্তঃ। দুঃখ+ঋতঃ=দুঃখার্ত্তঃ। ক্ষুধা+ঋতঃ=ক্ষুধার্ত্তঃ। তৃতীয়া তৎপুরুষ সমাস ভিন্ন অন্য সমাসে ঋ স্থানে আর্ হয় না। যথা, পরম+ঋতঃ=পরমর্ত্তঃ।

১১। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'এ' কিংবা 'ঐ' থাকে, তবে উভয়ে মিলিয়া 'ঐ'কার হয়। 'ঐ' পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা,—

অ+এ=ঐ। অথ+একদা=অথৈকদা। মম+এব=মমৈব।

অ+ঐ=ঐ। মত+ঐক্যম্=মতৈক্যম্। তব+ঐশ্বর্য্যম্=তবৈশ্বর্য্যম্।

আ+এ=ঐ। লতা+এষা=লতৈষা। তথা+এব=তথৈব।

আ+ঐ=ঐ। মহা+ঐশ্বর্য্যম্=মহৈশ্বর্য্যম্। সদা+ঐক্যম্=সদৈক্যম্।

১২। যদি 'অ'কার কিংবা আকারের পর 'ও' থাকে, তবে উভয়ে মিলিয়া 'ঔ'কার হয়। 'ঔ' পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা,—

অ+ও=ঔ। জল+ওঘঃ=জলৌঘঃ। তব+ওদনঃ=তবৌদনঃ।

অ+ঔ=ঔ। বন+ঔষধম্=বনৌষধম্। চিত্ত+ঔদার্য্যম্=চিত্তৌদার্য্যম্।

আ+ও=ঔ। মহা+ওষধিঃ=মহৌষধিঃ। গঙ্গা+ওঘঃ=গঙ্গৌঘঃ।

আ+ঔ=ঔ। মহা+ঔক্ষম্=মহৌক্ষম্। সদা+ঔদার্য্যম্=সদৌদার্য্যম্।

১৩। ওতু এবং ওষ্ঠ শব্দ পরে থাকিলে, পূর্ব্বপদের অন্তস্থ 'অ'কার ও 'আ'কারের বিকল্পে লোপ হয়। যথা,—বিম্ব+ওষ্ঠঃ=বিম্বোষ্ঠঃ অথবা বিম্বৌষ্ঠঃ। স্থূল+ওতুঃ=স্থূলোতুঃ, স্থূলৌতুঃ। কিন্তু সমাস না হইলে লোপ হয় না। যথা,—মম+ওষ্ঠঃ=মমৌষ্ঠঃ। তব+ওতুঃ=তবৌতুঃ।

১৪। যদি 'ই' কিংবা 'ঈ'কারের পর 'ই' এবং 'ঈ' ভিন্ন অন্য কোনও স্বরবর্ণ থাকে, তবে 'ই' কিংবা 'ঈ'কারের স্থানে 'য' হয়, এবং পরের স্বরবর্ণ

'য'এর সহিত যুক্ত হয়। যথা,—যদি+অপি=যদ্যপি। দধি+আদি=দধ্যাদি। অতি+উত্তমঃ=অত্যুত্তমঃ। প্রতি+উহঃ=প্রত্যূহঃ। মুনি+ঋষভঃ=মুন্যৃষভঃ। ইতি+একে=ইত্যেকে। অতি+ঐশ্বর্য্যম্=অত্যৈশ্বর্য্যম্ দধি+ওদনম্=দধ্যোদনম্। অতি+ঔদাস্যম্=অত্যৌদাস্যম্। নদী+অম্বু=নদ্যম্বু। মসী+আধারঃ=মস্যাধারঃ। দেবী+উক্তিঃ=দেব্যুক্তিঃ। নদী+উঢ়ঃ=নদ্যূঢ়ঃ। দেবী+ঋদ্ধিঃ=দেব্যৃদ্ধিঃ। গুণী+এষঃ=গুণ্যেষঃ। বলী+ঐন্দ্রঃ=বল্যৈন্দ্রঃ। নারী+ওঘঃ=নার্য্যোঘঃ। বাণী=ঔদার্য্যম্=বাণ্যৌদার্য্যম্।

১৫। যদি 'উ' কিংবা 'ঊ'কারের পর 'উ' এবং 'ঊ' ভিন্ন অন্য কোনও স্বরবর্ণ থাকে, তবে 'উ' কিংবা 'ঊ'স্থানে 'ব' হয় এবং পরের স্বরবর্ণ 'ব্'এর সহিত যুক্ত হয়। যথা,—বিধু+অংশুঃ=বিধ্বংশুঃ। সু+আগতম্=স্বাগতম্। সাধু+ইন্দ্রঃ=সাধ্বিন্দ্রঃ। প্রভু+ঈহা=প্রভ্বীহা। বহু+ঋদ্ধিঃ=বহ্বৃদ্ধিঃ। অনু+এষণম্=অন্বেষণম্। বহু+ঐশ্বর্য্যম্=বহ্বৈশ্বর্য্যম্। বহু+ওদনম্=বহ্বোদনম্। শিশু+ঔৎসুক্যম্=শিশ্বৌৎসুক্যম্। তনু+অঙ্গম্=তন্বঙ্গম্। শ্বশ্রূ+আদেশঃ=শ্বশ্র্বাদেশঃ। বধূ+ইচ্ছা=বধ্বিচ্ছা। তনু+ঈশঃ=তন্বীশঃ। বধূ+এষণা=বধ্বেষণা বধূ+ঐশ্বর্য্যম্=বধ্বৈশ্বর্য্যম্। সরযূ+ওঘঃ=সরয্বোঘঃ। বধূ+ঔৎসুক্যম্=বধ্বৌৎসুক্যম্।

১৬। যদি 'ঋ'কারের পর 'ঋ'ভিন্ন অন্য কোনও স্বরবর্ণ থাকে, তবে ঋস্থানে 'র্' হয়, এবং পরের স্বরবর্ণ 'র্'এর সহিত যুক্ত হয়। যথা,—পিতৃ+অনুজ্ঞা=পিত্রনুজ্ঞা। মাতৃ+আজ্ঞা=মাত্রাজ্ঞা বিধাতৃ+ইচ্ছা=বিধাত্রিচ্ছা। দাতৃ+ঈশঃ=দাত্রীশঃ। সবিতৃ+উদয়ঃ=সবিত্রুদয়ঃ ভ্রাতৃ+ঊঢ়া=ভ্রাত্রূঢ়া। দুহিতৃ+এষণা=দুহিত্রেষণা। ধাতৃ+ঐশ্বর্য্যম্=ধাত্রৈশ্বর্য্যম্। পিতৃ+ওকঃ=পিত্রোকঃ। পিতৃ+ঔদার্য্যম্=পিত্রৌদার্য্যম্।

১৭। স্বরবর্ণ পরে থাকিলে 'এ'কারের স্থানে অয়্ হয়, অ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরের স্বরবর্ণ 'য়্'এর সহিত যুক্ত হয়। যথা,—নে+অনম্=নয়নম্। শে+ইতম্=শয়িতম্।

১৮। স্বরবর্ণ পরে থাকিলে 'ঐ'কারের স্থানে 'আয়্' হয়; আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বরবর্ণ 'য়্'এর সহিত যুক্ত হয়। যথা,—সঙ্কৈ+অকঃ =সঙ্কায়কঃ। রৈ+আ=রায়া। রৈ+ই=রায়ি।

১৯। স্বরবর্ণ পরে থাকিলে 'ও'কারের স্থানে 'অব্' হয়; অ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বরবর্ণ 'ব্'এর সহিত যুক্ত হয়। যথা,—পো+অনঃ= পবনঃ। গো+আ=গবা। গো+এ=গবে।

২০। স্বরবর্ণ পরে থাকিলে, 'ঔ'কারের স্থানে 'আব্' হয়; আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বরবর্ণ 'ব্'এর সহিত যুক্ত হয়। যথা,—পৌ+অকঃ= পাবকঃ। নৌ+আ=নাবা। নৌ+ইকঃ=নাবিকঃ। নৌ+এ=নাবে।

২১। পদের অন্তে যদি 'এ'কার কিংবা 'ও'কার থাকে, তবে তাহার পরস্থ 'অ'কারের লোপ হয়। ['অ'কার লুপ্ত হইলে তাহার স্থানে 'ঽ' এই লুপ্ত অকারের চিহ্ন দেওয়া হইয়া থাকে]। যথা,—গৃহে+অতিষ্ঠৎ= গৃহেঽতিষ্ঠৎ। বজ্রে+অপি=বজ্রেঽপি। সাধো+অত্র=সাধোঽত্র।

২২। 'অ'কার ভিন্ন অন্য স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত 'এ'কার এবং 'ও'কারের স্থানে যথাক্রমে 'অয়্' ও 'অব্' হয়, এবং বিকল্পে ইহাদের 'য়্' এবং 'ব্'এর লোপ হয়। যথা—সখে+ইহ=সখয়িহ অথবা সখ ইহ। সখে+আয়াহি=সখয়ায়াহি অথবা সখ আয়াহি। সাধো+আগচ্ছ=সাধবাগচ্ছ অথবা সাধ আগচ্ছ। প্রভো+এহি=প্রভবেহি অথবা প্রভএহি।

[এই স্থলে লক্ষ্য রাখিবে যে 'য়্' কিংবা 'ব্'এর লোপ হইলে, পুনর্ব্বার সন্ধি হয় না—অর্থাৎ সখ আয়াহি এস্থলে পুনর্ব্বার সন্ধি হইয়া 'সখায়াহি' এইরূপ হইবে না।]

২৩। স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত 'ঐ'কার এবং 'ঔ'কার স্থানে যথাক্রমে 'আয়্' ও 'আব্' হয়, এবং বিকল্পে ইহাদের 'য়্' ও 'ব্'এর লোপ হয়। যথা,—শ্রিয়ৈ+আগ্রহঃ=শ্রিয়ায়াগ্রহঃ, অথবা শ্রিয়া আগ্রহঃ। শ্রিয়ৈ+এতি=শ্রিয়ায়েতি, অথবা শ্রিয়াএতি। রবৌ+অস্তং তু=

ব্রবাবস্তমিতে, অথবা ব্রবা অস্তমিতে। বিধৌ+উদিতে=বিধাবুদিতে, অথবা বিধা উদিতে। গুরৌ+আস্থা=গুরাবাস্থা অথবা গুরা আস্থা।

২৪। ধাতুর 'এ'কার কিংবা 'ও'কার পরে থাকিলে, উপসর্গের অন্তস্থ 'অ'কার ও 'আ'কারের লোপ হয় আর ধাতুর 'এ'কার ও 'ও'কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা,—প্র+এজতে=প্রেজতে। প্র+এষয়তি=প্রেষয়তি। পরা+ওখতি=পরোখতি।

কিন্তু এধ্ ও ই (to go) ধাতুর একার পরে থাকিলে, পূর্ব্বপদের অন্তস্থ 'অ'কার ও 'আ'কারের লোপ হয় না। যথা,—উপ+এধতে=উপৈধতে। অব+এতি=অবৈতি। আ+এতি=ঐতি।

২৫। নিম্নলিখিত সন্ধিসমূহ নিপাতনে সিদ্ধ (অর্থাৎ সূত্রানুসারে হয় নাই)। যথা—কুল+অটা=কুলটা। সার+অঙ্গঃ=সারঙ্গঃ। সীম+অন্তঃ=সীমন্তঃ। মার্ত্ত+অণ্ডঃ=মার্ত্তণ্ডঃ। সম+অর্থঃ=সমর্থঃ। হল+ঈষা=হলীষা। মনস্+ঈষা=মনীষা। গো+যুতিঃ=গব্যুতিঃ। পতৎ+অঞ্জলিঃ=পতঞ্জলিঃ। স্ব+ঈরম্=স্বৈরম্। প্র+উঢ়ঃ=প্রৌঢ়ঃ। অক্ষ+উহিনী=অক্ষৌহিণী। গো+অক্ষঃ=গবাক্ষঃ।

স্বরসন্ধির বিধি ও নিষেধ।

২৬। একপদস্থ উপসর্গাদি ভিন্ন ভিন্ন অংশের মধ্যে, উপসর্গের সহিত ধাতুর এবং সমাসবদ্ধ বিভিন্ন পদের সহিত সন্ধি অবশ্য-কর্ত্তব্য। যথা, 'গবে' এই পদের পরিবর্ত্তে 'গো+এ, লিখিলে চলিবে না। এইরূপ 'অপেক্ষতে' এই পদের পরিবর্ত্তে অপ+ঈক্ষতে, কিংবা 'হরিণেক্ষণা' এই পদের পরিবর্ত্তে হরিণ+ঈক্ষণা এইরূপ সন্ধি না করিয়া প্রয়োগ করা যায় না। শ্লোকের প্রত্যেক দুই চরণের মধ্যে প্রত্যেক পদের সহিত পর পদের সন্ধি অবশ্য-কর্ত্তব্য। এতদ্ভিন্ন স্থলে ইচ্ছানুসারে সন্ধি না করিলেও চলিতে পারে।

যথা,—সা অদ্য আয়াতি, অথবা সাদ্যায়াতি উভয় প্রকারেই প্রয়োগ করা যাইতে পারে।

২৭। নিষিদ্ধ সন্ধি :—(ক) যে সকল দ্বিবচনান্ত পদের শেষে "ঈ" "ঊ" অথবা "এ" থাকে, তাহাদের সহিত পর পদের সন্ধি হয় না। যথা,—কবী+ইমৌ=কবী ইমৌ। [এখানে 'কবি' শব্দের দ্বিবচনে 'কবী' এই পদ হইয়াছে এবং ইহার শেষে 'ঈ' কার থাকায় সন্ধি হইল না।] সাধূ+এতৌ=সাধূ এতৌ। লতে+এতে=লতে এতে। যাচেতে+অর্থম্=যাচেতে অর্থম্। শয়াতে+ইমৌ=শয়াতে ইমৌ।

(খ) অদস্ শব্দ-নিষ্পন্ন 'অমী' এই পদের সহিত পর পদের সন্ধি হয় না। যথা,—অমী+অশ্বাঃ=অমী অশ্বাঃ।

(গ) এক স্বরমাত্র অব্যয় শব্দ, ওকারান্ত অব্যয় শব্দ এবং প্লুতস্বরের * সহিত সন্ধি হয় না। যথা—উ+উমাপতে=উ উমাপতে। অহো অচ্যুত=অহো অচ্যুত। সখে+আকর্ণয়=সখে আকর্ণয়।

EXERCISE 2.

1. Join by Sandhi :—তব+ইচ্ছা। রমা+ঈশ্বরঃ। অধর+ওষ্ঠঃ। এক+একম্। একা+এব। মহা+উদধিঃ। দুর্গা+উৎসবঃ। গুরূ+এতৌ। মধু+অভাবঃ। বায়ু+আধারঃ। দেব+ঋণম্। ভ্রাতৃ+ঋণম্। সাধু+ঔদাস্যম্। তু+ইতি। অপি+এবম্। গো+ঔদাস্যম্। ধাতৃ+উপদেশঃ। মাতৃ+ঔষধম্। চারু+অঙ্গম্। হরে+এহি! দম্পতী+ইব। সর্ব্বে+এব। বহু+আদরঃ। বারি+আনয়। পচতে+অন্নম্

* দূরস্থ ব্যক্তিকে আহ্বান করা, রোদন বা গান করিবার সময় অতি দীর্ঘোচ্চারিত স্বরবর্ণকে 'প্লুতস্বর' বলে। পরন্তু নিকটাহ্বানে (প্লুত স্বর না হওয়ায়) সন্ধি হইতে পারে। যথা—মিত্র আকর্ণয় এখানে মিত্রাকর্ণয় হইতে পারে।

2. Mention the cases where Sandhi is compulsory and where Sandhi is prohibited-

3. Disjoin the Sandhis in :—অত্যাচারঃ মাত্রুপদেশঃ, বধ্বাদিঃ, অন্বর্থঃ, যদ্যপি, হর্যাদিঃ, গুর্ব্বাজ্ঞা, সর্ব্বএব, গবাক্ষঃ, ভ্রাতৃণম্, বর্ষর্ত্তুঃ, অত্যুক্তিঃ, ঋণার্ণম্, বিধ্বংশঃ।

.3 Cite rules for joining the following in Sandhi :—
উ+ইতি, ই+ঈ, এ+ই, ঔ+অ, নৌ+উ, গো—এ, ঐ+ই মহা+ঋষঃ।

(খ) ব্যঞ্জনসন্ধি।

১। যদি চ কিংবা ছ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যথা,— সৎ+চরিত্রম্=সচ্চরিত্রম্। মহৎ+চক্রম্=মহচ্চক্রম্। এতদ্+চন্দনম্ =এতচ্চন্দনম্। বিপদ্+চয়ঃ=বিপচ্চয়ঃ। উৎ+ছেদনম্=উচ্ছেদনম্। তদ্+ছত্রম্=তচ্ছত্রম্। তদ্+ছবিঃ=তচ্ছবিঃ।

২। যদি জ কিংবা ঝ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে জ্ হয়। যথা,— যাবৎ+জীবনম্=যাবজ্জীবনম্। উৎ+জ্বলঃ=উজ্জ্বলঃ। এতদ্+জগৎ= এতজ্জগৎ। বিপদ্+জয়ঃ=বিপজ্জয়ঃ। কুৎ+ঝটিকা=কুজ্ঝটিকা। তদ্+ঝনৎকারঃ=তজ্ঝনৎকারঃ।

৩। যদি জ কিংবা ঝ পরে থাকে, তবে ন্ স্থানে ঞ্ হয়। যথা,— মহান্+জয়ঃ=মহাঞ্জয়ঃ। রাজন্+জাগৃহি=রাজঞ্জাগৃহি। ভবান্+জীবতু =ভবাঞ্জীবতু। রিপুন্+জয়তি=রিপুঞ্জয়তি। মহান্+ঝঙ্কারঃ=মহাঞ্ঝঙ্কারঃ। গচ্ছন্—ঝটিতি=গচ্ছঞ্ঝটিতি।

৪। যদি পদের অন্তস্থিত তকার কিংবা দকারের পর তালব্য শ থাকে, তবে ত্ ও দ্ স্থানে চ্ এবং তালব্য শ্ স্থানে (বিকল্পে) ছ্ হয়। যথা,—নৃত্যৎ

+শঙ্করঃ=নৃত্যচ্ছঙ্করঃ। জগৎ+শরণ্যম্=জগচ্ছরণ্যম্। তদ্+শরীরম্=তচ্ছরীরম্। তৎ+শ্রবণম্=তচ্ছ্রবণম্। (পক্ষে—নৃত্যচ্ শঙ্করঃ ইত্যাদি)।

৫। যদি পদের অন্তস্থিত নকারের পর তালব্য শ থাকে, তবে ন্ স্থানে ঞ্ এবং তালব্য শ স্থানে (বিকল্পে) ছ হয়। যথা,—মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ। ধাবন্+শশঃ=ধাবঞ্ছশঃ। (পক্ষে মহাঞ্ শব্দঃ ইত্যাদি)।

৬। যদি পদের অন্তস্থিত তকার কিংবা দকারের পর হ্ থাকে, তবে ত্ স্থানে দ্ এবং হ্ স্থানে ধ্ হয়। যথা,—বৃহৎ+হরিণঃ=বৃহদ্ধরিণঃ; তদ্+হিতম্=তদ্ধিতম্। বিপদ্+হেতুঃ=বিপদ্ধেতুঃ।

৭। যদি চকার কিংবা জকারের পর দন্ত্য ন্ থাকে, তবে ন-স্থানে ঞ্ হয়। যথা,—যাচ্+না=যাচ্ঞা। যজ্+নঃ=যজ্ঞঃ। রাজ্+নী=রাজ্ঞী।

৮। যদি ট কিংবা ঠ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে ট্ হয়। যথা,—উৎ+টলতি=উট্টলতি। বৃহৎ+টঙ্কঃ=বৃহট্টঙ্কঃ। তদ্+টীকা=তট্টীকা। এতদ্+ঠক্কুরঃ=এতট্ঠক্কুরঃ।

৯। যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে ড্ হয়। যথা,—উৎ+ডীনঃ=উড্ডীনঃ। বৃহৎ+ডুণ্ডুভঃ=বৃহড্ডুণ্ডুভঃ। তদ্+ডোরম্=তড্ডোরম্। এতদ্+ঢালম্=এতড্ঢালম্।

১০ যদি ড কিংবা ঢ পরে থাকে, তবে দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা,—পঠন্+ডল্লনঃ=পঠণ্ডল্লনঃ। রাজন্+ঢৌকসে=রাজণ্ঢৌকসে।

১১। মূর্দ্ধন্য ষকারের পরস্থিত ত-স্থানে ট্ এবং থ-স্থানে ঠ্ হয়। যথা,—ইষ্+তঃ=ইষ্টঃ। চতুষ্+তয়ম্=চতুষ্টয়ম্। ষষ্+থঃ=ষষ্ঠঃ।

১২। ণ কারের পরস্থিত ন-স্থানে ণ হয়। যথা,—ক্ষুণ্+ন=ক্ষুণ্ণঃ। বিষণ্+নঃ=বিষণ্ণঃ।

১৩। যদি ল পরে থাকে, তাহা হইলে পদান্তস্থিত ত্, দ্, ও ন্ স্থানে ল্ হয়। নকারের পূর্ব্ববর্ণ (ँ) চন্দ্রবিন্দু সংযুক্ত হয়। যথা,—উৎ+লেখঃ=উল্লেখঃ। হৃদ্+লাসঃ=হৃল্লাসঃ মহান্+লাভঃ=মহাঁল্লাভঃ।

১৪। যদি স্বরবর্ণ পরে থাকে, তবে পদের অন্তেস্থিত হ্রস্বস্বরের পরবর্ত্তী নকারের দ্বিত্ব হয়। যথা,—ধাবন্+অশ্বঃ=ধাবন্নশ্বঃ। হসন্+আগতঃ= হসন্নাগতঃ। চিন্তয়ন্+এব=চিন্তয়ন্নেব।

১৫। যদি-ন্ দীর্ঘস্বরের পরে থাকে, তবে দ্বিত্ব হয় না। যথা,—অশ্বান্ +আনয়=অশ্বানানয়। তান্+আহ্বয়=তানাহ্বয়। মুনীন্+আমন্ত্রয়= মুনীনামন্ত্রয়। সাধূন্+আদ্রিয়স্ব=সাধূনাদ্রিয়স্ব।

১৬। যদি চ কিংবা ছ পরে থাকে, তবে পদের অন্তেস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর চ ও ছ স্থানে যথাক্রমে শ্চ ও শ্ছ হয়। যথা,—নৃত্যন্+ চকোরঃ=নৃত্যংশ্চকোরঃ। ধাবন্+ছাগঃ=ধাবংশ্ছাগঃ।

১৭। যদি ট কিংবা ঠ পরে থাকে, তবে পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর ট ও ঠ স্থানে ষ্ট ও ষ্ঠ হয়। যথা,—চলন্+টিট্টিভঃ=চলংষ্টিট্টিভঃ। মহান্+ঠক্কুরঃ=মহাংষ্ঠক্কুরঃ।

১৮। যদি ত কিংবা থ পরে থাকে, তবে পদের অন্তেস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, এবং ত ও থ স্থানে স্ত ও স্থ হয়। যথা,—মহান্+তড়াগঃ= মহাংস্তড়াগঃ। ক্ষিপন্+থুৎকারম্=ক্ষিপংস্থুৎকারম্।

১৯। যদি তালব্য শ, অথবা দন্ত্য স, কিংবা হ পরে থাকে, তবে পদমধ্যস্থিত ন্ স্থানে অনুস্বার হয়। যথা—দন্+শনম্=দংশনম্, মীমান্+সা =মীমাংসা। বৃন্+হিতম্=বৃংহিতম্।

২০। যদি দন্ত্য স পরে থাকে, তবে পদমধ্যস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা,—পুম্+সঃ=পুংসঃ। রম্+স্যতে=রংস্যতে। ব্যরম্+সীৎ=ব্যরংসীৎ। নিনম্+সতি=নিনংসতি।

২১। যে বর্গের অক্ষর পরে থাকে, পদমধ্যস্থিত ন্‌কার স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা,—আশন্+কা=আশঙ্কা। মন্+ডনম্=মণ্ডনম্। কন্+পঃ=কম্পঃ।

২২। যদি ত পরে থাকে, তবে পদমধ্যস্থিত ম্ স্থানে ন্ হয়। যথা,—শাম্+তিঃ=শান্তিঃ। নিয়ম্+তা=নিয়ন্তা।

২৩। যদি অন্তঃস্থ অথবা উষ্মবর্ণ পরে থাকে, তবে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা,—গৃহম্+যাতি=গৃহংযাতি। গবাম্+ষট্কম্=গবাং ষট্কম্। সম্+লগ্নঃ=সংলগ্নঃ। সম্+শয়ঃ=সংশয়ঃ। মধুরম্+হসতি=মধুরং হসতি।

২৪। রাজ্ শব্দ পরে থাকিলে, সম্ এই উপসর্গের ম্ স্থানে অনুস্বার হয় না। যথা,—সম্+রাজ্=সম্রাজ্।

২৫। যদি স্পর্শবর্ণ পরে থাকে, তবে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়, অথবা যে বর্গ পরে থাকে, সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা,—কিম্+করোষি=কিংকরোষি or কিঙ্করোষি। গৃহম্+গচ্ছ=গৃহংগচ্ছ or গৃহঙ্গচ্ছ। ক্ষিপ্রম্+চলতি=ক্ষিপ্রংচলতি or ক্ষিপ্রঞ্চলতি। শীতলম্+জলম্=শীতলং জলম্ or শীতলঞ্জলম্। নদীম্+তরতি=নদীং তরতি or নদীন্তরতি। ভিক্ষাম্+দদাতি=ভিক্ষাং দদাতি or ভিক্ষান্দদাতি। ইদম্+ধনম্=ইদং ধনম্ or ইদন্ধনম্। গুরুম্+নমতি=গুরুং নমতি or গুরুন্নমতি। চন্দ্রম্+পশ্যতি=চন্দ্রং পশ্যতি or চন্দ্রম্পশ্যতি। কিম্+ফলম্=কিংফলম্ or কিম্ফলম্। দৃঢ়ম্+বন্ধনম্=দৃঢ়ং বন্ধনম্ or দৃঢ়ম্বন্ধনম্। মধুরম্+ভাষতে=মধুরং ভাষতে or মধুরম্ভাষতে। ইয়ম্+মীমাংসা=ইয়ং মীমাংসা or ইয়ম্মীমাংসা।

২৬। যদি ছ পরে থাকে, স্বরবর্ণের পর চ্ হয়, চ্ ছ মিলিয়া চ্ছ হয়। যথা,—স্ব+ছন্দঃ=স্বচ্ছন্দঃ। পরি+ছদঃ=পরিচ্ছদঃ।

২৭। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ, অথবা য, র, ল, ব হ পরে থাকে, তবে পদের অন্তেস্থিত ক্ স্থানে গ্ হয়। যথা,—দিক্+অন্তঃ=দিগন্তঃ। বাক্+ঈশঃ=বাগীশঃ। প্রাক্+এব=প্রাগেব। দিক্+গজঃ=দিগ্গজঃ। বাক্+জালম্=বাগ্জালম্। বাক্+দানম্=বাগ্দানম্। দিক্+

ভাগঃ = দিগ্‌ভাগঃ। ধিক্ + যাচকম্ = ধিগ্‌যাচকম্। বাক্ + রোধঃ = বাগ্রোধঃ। ধিক্ + লোভিনম্ = ধিগ্‌লোভিনম্। দিক্ + বারণঃ = দিগ্‌বারণঃ।

২৮। যদি স্বরবর্ণ অথবা গ, ঘ, দ, ধ, ব, ভ, য, র, ব পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ত্‌ স্থানে দ্‌ হয়। যথা,—জগৎ + অম্বা = জগদম্বা। সরিৎ + ইয়ম্ = সরিদিয়ম্। জগৎ + ঈশঃ = জগদীশঃ ভবৎ + উক্তম্ = ভবদুক্তম্। তৎ + ঋতে = তদৃতে। মহৎ + ঐশ্বর্য্যম্ = মহদৈশ্বর্য্যম্। মহৎ + ওজঃ = মহদোজঃ, মহৎ + ঔষধম্ = মহদৌষধম্। সৎ + গতিঃ = সদ্‌গতিঃ। গর্জ্জৎ + ঘনঃ = গর্জ্জদ্‌ঘনঃ। উৎ + দীপনম্ = উদ্দীপনম্। মহৎ + ধনুঃ = মহদ্ধনুঃ। জগৎ + বন্ধুঃ = জগদ্বন্ধুঃ। মহৎ + ভয়ম্ = মহদ্‌ভয়ম্। উৎ + যোগঃ = উদ্যোগঃ। মহৎ + বনম্ = মহদ্বনম্।

২৯। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় ও চতুর্থ বর্ণ কিংবা য, র, ল, ব, হ, পরে থাকে, তবে পদের অন্তস্থিত চ্‌ স্থানে জ্‌, ট্‌ স্থানে ড, এবং প্‌ স্থানে ব্‌ হয়! যথা—অচ্ + অন্তঃ = অজন্তঃ। অচ্ + বৎ = অজ্বৎ। পরিব্রাট্ + অয়ম্ = পরিব্রাডয়ম্। পরিব্রাট্ + গচ্ছতি = পরিব্রাড্‌গচ্ছতি। অপ্ + ইন্ধনঃ = অবিন্ধনঃ। অপ্ + হরণম্ = অব্‌হরণম্।

৩০। যদি ন কিংবা ম পরে থাকে, পদের অন্তেস্থিত ক্‌ স্থানে গ্‌ বা ঙ্‌ এবং ত্‌ স্থানে দ্‌ অথবা ন্‌ হয়। যথা,—দিক্ + নাগঃ = দিগ্‌নাগঃ or দিঙ্‌নাগঃ। প্রাক্ + মুখঃ = প্রাগ্‌মুখঃ or প্রাঙ্‌মুখঃ। জগৎ + নাথঃ = জগদ্‌নাথঃ or জগন্নাথঃ। ভবৎ + মতম্ = ভবদ্‌মতম্ or ভবন্মতম্।

৩১। যদি মাত্র কিংবা ময় প্রত্যয় পরে থাকে, তবে পদের অন্তেস্থিত ক্‌ স্থানে ঙ্‌ এবং ত্‌ স্থানে ন্‌ হয়। যথা,—বাক্ + ময়ম্ = বাঙ্ময়ম্। মৃৎ + ময়ঃ = মৃন্ময়ঃ। চিৎ + মাত্রম্ = চিন্মাত্রম্।

৩২। উৎ এই উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভধাতুর স্‌কারের লোপ হয়। যথা—উৎ + স্থানম্ = উত্থানম্। উৎ + স্তম্ভনম্ = উত্তম্ভনম্।

৩৩। গাহ্ ও তন্স্ ধাতু-নিষ্পন্ন পদ পরে থাকিলে, অব এই উপসর্গের অকারের বিকল্পে লোপ হয়। যথা—বগাহতে অবগাহতে। বতংসঃ অবতংসঃ।

EXERCISE 3.

1. Disjoin the Sandhis in :—দিঙ্নাগঃ, চিন্ময়ঃ, তন্ন, সমুত্থানম্, উচ্চয়ঃ বৃহচ্ছশঃ, উল্লেখঃ, শরচ্চন্দ্রঃ, উচ্ছ্বাসঃ, তাংস্তান্, জগজ্জ্যোতিঃ, উদ্ধৃতঃ, বিপজ্জালঃ, হসংশ্চলতি, উত্তম্ভিতঃ, মহাংশ্চন্দ্রঃ, হরিন্নমতি।

2. Join by Sandhi and cite the rules thereof :—বিপদ্+চয়ঃ, এতদ্+ঢক্কা, ভবান্+লভতে, মহৎ+শকটম্, কবীন্+আহ্বয়তি, তান্+আহ, নৃত্যন্+চকোরঃ, গচ্ছন্+উবাচ, অচ্+মধ্যস্থম্, পতন্+তমালঃ, সৃজন্+ঈশ্বরঃ, উৎ+স্থাস্যামি, বাক্+ময়ম, মহান্+শব্দঃ, ধাবন্+চলতি, সম্+রাট্।

3. Correct the spellings of the following :—

সম্বাদঃ, কিম্বা, সন্মানঃ, আদ্যপান্ত, বাচ্না, তুরাদৃষ্টম্, উজ্জলঃ, উচ্ছাসঃ, জগবন্ধুঃ, মৃণ্ময়ঃ, যদ্যাপি, প্রাকেব।

বিসর্গ সন্ধি।

১। যদি অকারের পর বিসর্গ থাকে, এবং বিসর্গের পর অকার থাকে, তাহা হইলে পূর্ব্ব অকার ও বিসর্গ উভয়ে মিলিয়া ওকার হয়; ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়; পরবর্ত্তী অকারের লোপ হয়। (লোপের পর অকারের ঽ এই চিহ্ন থাকে)। যথা. নরঃ+অয়ম্=নরোঽয়ম্। নবঃ+অঙ্কুরঃ=নবোঽঙ্কুরঃ। বয়ঃ+অধিকঃ=বয়োঽধিকঃ। কঃ+অয়ম্=কোঽয়ম্। সঃ+অসৌ=সোঽসৌ

২। যদি অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে অকারের পরস্থিত বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না; যথা,—রামঃ+আগতঃ= রামআগতঃ; নরঃ+ইব=নরইব; শান্তঃ+ঈশঃ=শান্তঈশঃ; চন্দ্রঃ+উদেতি =চন্দ্রউদেতি; দেবঃ+ঋষিঃ=দেবঋষিঃ; অতঃ+এব অতএব; কুতঃ+ ঐক্যম্=কুতঐক্যম্; রক্তঃ+ওষ্ঠঃ=রক্তওষ্ঠঃ।

৩। বর্গের তৃতীয়, চতুর্থ, অথবা, পঞ্চমবর্ণ কিংবা য র ল ব হ পরে থাকিলে, অকারের পরস্থিত বিসর্গ স্থানে উকার হয়; অকার ও উকার উভয়ে মিলিয়া ওকার হয়; ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, রম্যঃ+গন্ধঃ=রম্যোগন্ধঃ; নূতনঃ+ঘটঃ=নূতনোঘটঃ; নরঃ+যাতি=নরোযাতি; অশ্বঃ+ধাবতি= অশ্বোধাবতি; মনঃ+হরঃ=মনোহরঃ।

৪। স্বরবর্ণ পরে থাকিলে, আকারের পরস্থিত বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না। যথা, অশ্বাঃ+অমী=অশ্বাঅমী; বালাঃ+ আগতাঃ=বালাআগতাঃ; নরাঃ+ইমে=নরাইমে; গজাঃ+এতে=গজাএতে; বালায়াঃ+ওদনম্=বালায়াওদনম্; রমায়াঃ+ঔষধম্=রমায়াঔষধম্।

৫। বর্গের তৃতীয়, চতুর্থ, অথবা পঞ্চমবর্ণ কিংবা য, র, ল, ব, হ পরে থাকিলে, আকারের পরস্থিত বিসর্গের লোপ হয়। যথা—হতাঃ+গজাঃ= হতাগজাঃ; মৃতাঃ+হস্তিনঃ=মৃতাহস্তিনঃ; চলাঃ+নদ্যঃ=চলানদ্যঃ; ধৃতাঃ +ময়ূরাঃ=ধৃতাময়ূরাঃ।

৬। স্বরবর্ণ পরে থাকিলে, অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে র্ হয়। যথা,—কবিঃ+অয়ম্=কবিরয়ম্; কবিঃ+আদিঃ=কবিরাদিঃ; গতিঃ+ইয়ম্=গতিরিয়ম্; শ্রীঃ+অসৌ=শ্রীরসৌ; সুধীঃ+এষঃ=সুধীরেষঃ; বন্ধুঃ+উবাচ=বন্ধুরুবাচ; প্রভোঃ+আদেশঃ=প্রভোরাদেশঃ; রবেঃ+উদয়ঃ =রবেরুদয়ঃ; তৈঃ+উক্তম্=তৈরুক্তম্।

৭। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চমবর্ণ কিংবা য, র, ল, ব, হ পরে

থাকিলে, অকারের পরস্থিত রজাত বিসর্গ স্থানে (a) র্ হয়। প্রাতঃ+আশঃ=প্রাতরাশঃ; পুনঃ+অপি=পুনরপি; ভ্রাতঃ+গচ্ছ=ভ্রাতর্গচ্ছ; মাতঃ+দেহি=মাতর্দ্দেহি।

৮। স্বরবর্ণ বর্গের তৃতীয় চতুর্থ পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকিলে অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে র্ হয়। যথা, হরিঃ+গচ্ছতি=হরির্গচ্ছতি সুধীঃ+বদতি=সুধীর্বদতি; সাধুঃ+মুনিঃ=সাধুর্ম্মুনিঃ বধূঃ+হসতি=বধূর্হসতি; মাতুঃ+ভজ=মাতুর্ভজ; রবেঃ+দর্শনম্=রবের্দ্দর্শনম্; নরৈঃ+দৃষ্টম্=নরৈর্দৃষ্টম্; সাধোঃ+বচনম্=সাধোর্বচনম্; গৌঃ+যাতি=গৌর্যাতি।

৯। অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে সঃ এবং এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না; যথা, সঃ+আগতঃ=সআগতঃ; এষঃ+ইচ্ছতি=এষইচ্ছতি। কিন্তু সঃ+অয়ম্=সোঽয়ম্।

১০। স্বরবর্ণ বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ কিংবা য, র, ল, ব, হ পরে থাকিলে ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না; যথা, ভোঃ+অর্জ্জুন=ভোঅর্জ্জুন; ভোঃ+ঈশান=ভোঈশান; ভোঃ+উমাপতে=ভোউমাপতে; ভোঃ+গদাধর=ভোগদাধর; ভোঃ+মাধব=ভোমাধব।

১১। চ কিংবা ছ পরে থাকিলে, বিসর্গ স্থানে শ্, ট কিংবা ঠ পরে থাকিলে, বিসর্গ স্থানে ষ, এবং ত কিংবা থ পরে থাকিলে, বিসর্গ স্থানে স হয়। যথা,—

ঃ+চ্=শ্চ্; নিঃ+চয়ঃ=নিশ্চয়ঃ।
ঃ+ছ্=শ্ছ্; তরোঃ+ছায়া=তরোশ্ছায়া।
ঃ+ট্=ষ্ট্; তীক্ষ্ণঃ+টঙ্কঃ=তীক্ষ্ণষ্টঙ্কঃ।
ঃ+ঠ্=ষ্ঠ্; স্থিরঃ+ঠক্কুরঃ=স্থিরষ্ঠক্কুরঃ।

(a) 'র'এর পরিবর্ত্তে যে বিসর্গ হয়, তাহা রজাত। প্রাতঃ অন্তঃ প্রভৃতি কতিপয় অব্যয়ের বিসর্গ এবং ভ্রাতৃ, পিতৃ প্রভৃতি ঋকারান্ত শব্দের সম্বোধনের একবচনের বিসর্গ রজাত।

ঃ+ত্=স্ত্; ইতঃ=ততঃ=ইতস্ততঃ।

ঃ+থ্=স্থ্; =ক্ষিপ্তঃ+থুৎকারঃ=ক্ষিপ্তস্থুৎকারঃ।

১২। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, সঃ এবং এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়; যথা,—সঃ+গচ্ছতি=সগচ্ছতি; এষঃ+বদতি=এষবদতি; সঃ+চ=সচ; এষঃ+ন=এষ ন।

১৩। সমাস হইলে এবং বিসর্গের পর ক খ প ও ফ থাকিলে বিসর্গ স্থানে বিকল্পে স্ হয়। যথা ভাঃ+পতিঃ=ভাস্পতিঃ ভাঃ পতিঃ। তপঃ+ফলম্= তপস্ফলম্ তপঃফলম্ ইত্যাদি।

[কোন কোন স্থলে নিত্যই স্ হয়; এই স্ অ আ ভিন্ন স্বরবর্ণের পর থাকিলে ষ হয়। যথা—অয়ঃ+কারঃ=অয়স্কারঃ; নিঃ+পত্রম্=নিষ্পত্রম্; পুরঃ+কারঃ=পুরস্কারঃ দুঃ+ক্রিয়া=দুষ্ক্রিয়া ইত্যাদি।

১৪। র্ পরে থাকিলে,বিসর্গ স্থানে যে র্ হয়, তাহার লোপ হয় এবং পূর্ব্বস্বর দীর্ঘ হয়; যথা—নিঃ+রবঃ=নির্+রবঃ=নীরবঃ; নিঃ+রসঃ= নির্+রসঃ=নীরসঃ; উচ্চৈঃ+রৌতি=উচ্চৈরৌতি; পিতঃ+রক্ষ= পিতারক্ষ; শম্ভুঃ+রাজতে=শম্ভূরাজতে।

১৫। র ও বিভক্তির ভ পরে থাকিলে অহন্ শব্দের রজাত বিসর্গ স্থানে র্ হয় না। যথা,—অহঃ+রাত্রঃ=অহোরাত্রঃ। অহঃ+ভিঃ=অহোভিঃ।

১৬। নিম্নলিখিত পদসমূহের সন্ধি নিপাতনে হইয়াছে।—নিঃ+করঃ= নিষ্করঃ; নিঃ+পাপঃ=নিষ্পাপঃ; নিঃ+ফলম্=নিষ্ফলম্। আবিঃ+কারঃ= আবিষ্কারঃ; (এইরূপ, নমস্কারঃ, পুরস্কার, তিরস্কার, দুষ্ক্রিয়া, প্রাদুষ্কৃতঃ, বহিষ্কৃতঃ প্রভৃতি) চতুঃ+কোণম্=চতুষ্কোণম্, চতুঃ+পথম্=চতুষ্পথম্, হবিঃ+পানম্=হবিষ্পানম্, আয়ুঃ+কামঃ=আয়ুষ্কামঃ, শ্রেয়ঃ+করঃ= শ্রেয়স্করঃ, অয়ঃ+কান্তঃ=অয়স্কান্তঃ, মনঃ+কামঃ=মনস্কামঃ, ভ্রাতুঃ+পুত্রঃ =ভ্রাতুষ্পুত্রঃ, ভাঃ+করঃ=ভাস্করঃ, বাচঃ+পতিঃ=বাচস্পতিঃ।

EXERCISE 4.

1. Join in Sandhi and cite rules thereof :—

সদ্যঃ+জাতঃ ; নদ্যাঃ+তীরম্ ; পূর্ণঃ+চন্দ্রঃ ; সঃ+এষঃ ; শিশুঃ+ধাবতি ; নরঃ+অয়ম্ ; রবিঃ+উদেতি ; অহঃ+নিশম্ ; অহঃ+রাত্রঃ ; চক্ষুঃ+রোগঃ ; সঃ+চলতি ; মুনয়ঃ+আগতাঃ ; রঘুপতেঃ+রাজ্যম্ ; কুতঃ+ধনম্ ; ; সাধুঃ+উবাচ ; ভোঃ+কর্ণ ; এষঃ+অহম্, এষঃ+তরতি ; ভোঃ+ভীম ; ভোঃ+অচ্যুত ; সাধুঃ+রমতে ; নিঃ+রসঃ ; সঃ+আহ ; লতাঃ+দৃশ্যন্তে ; পুনঃ+রোদিতি ; সঃ+অয়ম্ ; ভ্রাতঃ+এহি ;

2. Disjoin the Sandhi in :—মনোরথঃ ; তৈরাগতম্ ; গুরোরাজ্ঞা ; কোবা ; কএষঃ ; কোঽয়ম্ ; সর্ব্ব এব ; মনস্তুষ্টিঃ ; সবদতি ; নীরন্ধ্রঃ ; হরীরাজতে ; বাচস্পতিঃ ; ভ্রাতারমস্ব ; প্রাতরেব ।

3. Correct the following :—

মনগতঃ ; বয়াধিক্যম্ ; সো বভূব ; এষশ্চিন্তয়তি ; পুনোঽপি ; অকুতভয়ঃ গুরুর্মতে ; নিরসঃ ; তপোফলম্ ; চক্ষুশূলম্ ; অধোপতনম্ ।

---

3. (ক) ণত্ব-বিধান। (Change of ন্ to ণ্)

১। ঋ, ৠ, র্ এবং মূর্দ্ধন্য ষ্ এই চারি বর্ণের পরস্থ 'ন্' মূর্দ্ধন্য 'ণ' হয়। যথা,—ঋণম্ তৃণম্, নৃণাম্, তিসৃণাম্, নৄণাম্, ভ্রাতৄণাম্, বর্ণঃ, জীর্ণঃ, চতুর্ণাম্, দোষ্ণা, জিষ্ণুঃ, কৃষ্ণঃ।

২। স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, ব, হ এবং অনুস্বার, এই সকল বর্ণের ব্যবধান থাকিলেও দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা, করণম্, হরণম্, করিণা, হরিণঃ, গুরুণা, পরেণ, অর্কেণ, মূর্খেণ, দীর্ঘেণ, ভৃঙ্গেণ, দর্পেণ, রেফেণ, দর্ভেণ, ক্রমেণ, বৃষেণ, গর্ব্বেণ, রয়েণ, গ্রহণম্, বৃংহণম্।

৩। এতদ্ব্যতিরিক্ত বর্ণের ব্যবধান থাকিলে, দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না। যথা, অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন ষষ্ঠেন, মূঢ়েন, দৃঢ়েন, বর্ণানাম্, আর্ত্তেন, অর্থেন, বিমর্দ্দেন, অর্দ্ধেন, বিরলেন, স্পর্শেন, রসেন।

৪। পদের অন্তেস্থিত দন্ত্য ন্ মূর্দ্ধন্য হয় না। যথা, নরান্, মৃগান্, বৃষান্, ব্রহ্মন্, শর্ম্মন্, পিতৄন্।

৫। টবর্গের পূর্ব্বস্থিত ন, (ঋ, ৠ র্ ও ষ্ এর পরবর্ত্তী না হইলেও) মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, কণ্টকঃ, কণ্ঠঃ, দণ্ডঃ, ষণ্ঢঃ।

৬। ভিন্ন পদে ঋ, ৠ, র্ এবং ষ্ থাকার জন্য অন্য পদে স্থিত 'ন্' মূর্দ্ধন্য 'ণ' হয় না। যথা,—দুর্নাম, নৃযানম্, শরাগ্নিঃ, ত্রিনেত্রঃ ইত্যাদি।

৭। পর পদ একস্বরবিশিষ্ট কিংবা কবর্গযুক্ত হইলে দন্ত্য 'ন্' মূর্দ্ধন্য 'ণ' হয়। যথা—বৃত্রহণঃ. শ্রীকামেণ দুর্গমেণ ইত্যাদি।

৮। প্র, পূর্ব্ব, অপর প্রভৃতি অকারান্ত শব্দের পরস্থিত অহ্ন শব্দের 'ন্' মূর্দ্ধন্য 'ণ' হয়। যথা,—প্রাহ্ণঃ, অপরাহ্ণঃ, পূর্ব্বাহ্ণঃ।

৯। নিম্নলিখিত শব্দসমূহ নিত্যই 'ণ' গ্রহণ করে :—

বাণো বেণু র্বণিগ্ বীণা বাণী তূণো গুণো গণঃ।
লবণং শোণিতং পাণিঃ কণঃ কোণঃ ফণাঃ পণঃ॥
আপণো বিপণিঃ পুণ্যং কল্যাণং পণবো ঘুণঃ।
কঙ্কণং চিক্কণং স্থাণু নৈপুণ্যঞ্চ মণিস্তথা॥

(খ) ষত্ব-বিধান। (Change of স to ষ)।

১০। অ আ ভিন্ন স্বর এবং 'ক' বর্গ ও হ, য, ব, র, ল এই সকল বর্ণের পরস্থিত প্রত্যয়ের ও আগমের 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা—মণিষু, নদীষু, সাধুষু, বধূষু, ভ্রাতৃষু, সর্ব্বেষাম্, গোষু, নৌষু, দিক্ষু, প্রাঙষু, চতুর্ষু, বাষু, হলষু।

১১। অনুস্বার (ং) ও বিসর্গের (ঃ) ব্যবধান থাকিলেও 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা—হবীংষি, ধনূংষি, আশীঃষু, ধনুঃষু।

[কিন্তু ক্লীবলিঙ্গ শব্দের প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনের পদে যে অনুস্বার থাকে, তদ্‌ভিন্ন অনুস্বার ব্যবধানে হয় না। যথা, পুম্‌স্‌ শব্দের সপ্তমীর বহুবচনে পুংসু। এস্থলে মূর্দ্ধন্য ষ হইল না।]

১২। সাৎ প্রত্যয়ের 'স' মূর্দ্ধন্য 'ষ' হয় না। যথা,—অগ্নিসাৎ, গুরুসাৎ, পিতৃসাৎ, বিপ্রসাৎ।

১৩। ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরস্থিত স্থা, সিধ্‌, সিচ্‌ ও সদ্‌ প্রভৃতি ধাতুর 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—স্থা—অধিষ্ঠানম্‌, অনুষ্ঠানম্‌, সিধ্‌—নিষেধঃ, সিচ্‌—অভিষেকঃ, সদ্‌—বিষাদঃ।

১৪। সমাসে যুধি এই পদের পরস্থিত স্থির শব্দের 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—যুধি + স্থিরঃ = যুধিষ্ঠিরঃ।

১৫। সমাসে অম্ব, গো, ভূমি, অঙ্গু, দিবি প্রভৃতির পরবর্ত্তী স্থ শব্দের 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—অম্বষ্ঠঃ গোষ্ঠম্‌, ভূমিষ্ঠঃ, অঙ্গুষ্ঠঃ, দিবিষ্ঠঃ।

১৬। টবর্গের পূর্ব্বস্থিত 'স' প্রায়ই মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—কষ্টম্‌, নষ্টঃ, কনিষ্ঠঃ, দুষ্টঃ।

১৭। নিম্নলিখিত শব্দসমূহ নিত্যই 'ষ' গ্রহণ করে :—

আষাঢ়ো ঘোষণা ষষ্ঠঃ পাষাণো ভূষণং বিষম্‌।
মূষিকো মহিষো যোষিৎ পুরুষঃ ষোড়শো বৃষঃ॥
গ্রীষ্মো বর্ষা মেষ-ষণ্ডৌ হর্ষো ভাষা বিশেষণম্‌।
ঊষাভিলাষ-গণ্ডূষা ঋষিরামিষমৌষধম্‌।
তুষার-পৌষ বিষয়াঃ কাষায়ং কলুষং তথা।
বর্ষং শেষো নিমেষশ্চ ইষু দোষ স্তথোষরম্‌॥

EXERCISE 5.

1. Account for ণ in the following words :—

বিবরণম, ব্রয়াণাম্, সর্পেণ, শোণিতম, দীর্ঘেণ, আভরণম্, বণ্টনম্, গৌরবেণ, মৃগেণ, বরাহেণ, বৃংহণম্, ভূষণম্, বৃংহণম্, বৃক্ষেণ।

2. Correct the spellings of the words that are misspelt in the following :—গর্জ্জণম, নরপতিণা প্রার্থণা, ঋষিণা, মহর্ষিনা, রবিনা, করুনা, মূর্খেণ পিতৄণ, রয়েন, রেফেণ, স্বরাণ, রম্যানি।

3. Account for 'ষ' in the following words :—গজেষু, সন্তুষ্টঃ, অষ্ট, মৃষা, মুমূর্ষা, ভ্রাতৃষু, নিষ্ক্রান্তঃ, ওষ্ঠঃ, বিষ্ণুষু, করোষি, প্রোষিতঃ; আশীঃষু, সর্বেষাম্, গোষু, নিমেষঃ।

4 Show cause why the 'স' of the following words is not changed to 'ষ' :—বালাসু, নমস্কার, যুবসু, কর্ম্মসু, পুংসু, তস্মিন্, নরস্য, হৃৎসু, হরসি, যাস্যতি।

---

4. বিশেষ্য (Noun)

১। কোনও জাতি, গুণ, ক্রিয়া, বস্তু অথবা ব্যক্তির নামকে বিশেষ্য (noun) বলে। যথা—

জাতিবাচক বিশেষ্য (common noun)—মনুষ্যঃ, পশুঃ, মৎস্যঃ।

গুণবাচক „ (abstract noun)—শুক্লতা, মলিনত্বম্।

ক্রিয়াবাচক „ (verbal noun)—গমনম্, স্থিতিঃ।

বস্তুবাচক „ (common and material noun)—দুগ্ধম্, জলম্, গ্রন্থঃ, লেখনী।

ব্যক্তিবাচক „ (Proper noun)—রামঃ, হরিঃ অযোধ্যা।

বচন। (Number)

২। বিশেষ্যের তিনটি বচন আছে। 1. একবচন (Singular number). 2. দ্বিবচন (Dual number) এবং 3. বহুবচন (Plural number).

1. একবচন—একবচনের দ্বারা কোনও বিশেষ্যের একটি মাত্রকে বুঝায়। যথা,—নরঃ=একটি লোক, ফলম্=একটি ফল।

2. দ্বিবচন—দ্বিবচনের দ্বারা দুইটিমাত্র বিশেষ্যকে বুঝায়। যথা,—নরৌ=দুইটি লোক। নার্য্যৌ=দুইটি নারী। ফলে=দুইটি ফল।

3. বহুবচন—বহুবচনের দ্বারা দুইটির অধিক বিশেষ্যকে বুঝায়। যথা,—নরাঃ=অনেক লোক। নদ্যঃ=অনেক গুলি নদী। ফলানি=অনেক ফল।

বিভক্তি। * (Case-endings)

সংস্কৃতে শব্দ মাত্রেরই সাতটি বিভক্তি আছে:—যথা,—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী। ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করিতে, বাক্যে শব্দ মাত্রেই এই সাত বিভক্তি গ্রহণ করে। ইহাদিগকে 'শব্দ-বিভক্তি' বলে।

প্রত্যেক শব্দ-বিভক্তির তিনটি করিয়া বচন আছে। অতএব সর্ব্বসমেত শব্দ বিভক্তির আকার (৭×৩) একুশটি। এই একুশটি বিভক্তির যে কোনও একটিকে শব্দের সহিত যোগ করিলে, একটি 'সুবন্তপদ' প্রস্তুত হয়।

এইরূপ ধাতুরও তিপ্ (তি) তস্ অন্তি প্রভৃতি ১৮০টি বিভক্তি আছে। ধাতুর উত্তর এই ১৮০টি বিভক্তির যে কোন একটি যোগ করিলে, 'তিঙন্ত পদ' প্রস্তুত হয়।

(N. B.—ধাতু বা শব্দ বিভক্তিযুক্ত হইলেই তাহাকে **পদ** বলা যায়। যথা—

সুবন্ত পদ=রামঃ, ফলম্, নরেণ ইত্যাদি।

তিঙন্ত পদ—গচ্ছতি, পততি, ধাবতি ইত্যাদি।

---

* সংখ্যাকারক-বোধয়িত্রী বিভক্তিঃ।

৪। নিম্নে সাতটি শব্দ বিভক্তির আকার ও অর্থ দেওয়া হইল :—

	একবচন Singular	দ্বিবচন Dual	বহুবচন Plural.
প্রথমা— (কর্ত্তা, Nominative)	সু (:)	ঔ	জস্ (অঃ)
দ্বিতীয়া— (কর্ম্ম, Objective or Accusative)	অম্	ঔ	শস্ (অঃ)
তৃতীয়া— (করণ, Instrumental)	টা (আ)	ভ্যাম্	ভিস্ (ভিঃ)
চতুর্থী— (সম্প্রদান, Dative)	ঙে (এ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
পঞ্চমী— (অপাদান, Ablative)	ঙসি (অঃ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
ষষ্ঠী— (সম্বন্ধ, Genetive)	ঙস্ (অঃ)	ওস্ (ওঃ)	আম্
সপ্তমী— (অধিকরণ, Locative)	ঙি (ই)	ওস্ (ওঃ)	সুপ্ (সু)

সম্বোধন (Vocative case) প্রথমা বিভক্তি গ্রহণ করে; তবে কোনও কোনও শব্দের সম্বোধনের একবচনের রূপ প্রথমার একবচনের রূপ হইতে ভিন্ন। এজন্য শব্দরূপে সম্বোধনের একবচনের রূপ পৃথক্ দেওয়া হইবে।

শব্দরূপ। (Declension of bases)

পুংলিঙ্গ স্বরান্ত শব্দ।

অকারান্ত নর-শব্দ। (Man)

[A base ending in অ in the masculine gender]

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধন	নর		

Meanings of the words in different case-endings :—

প্রথমা—নরঃ=একটি নর, A man. নরৌ=দুইটি নর, Two men. নরাঃ=অনেক নর, নরগণ, Men.

কর্ত্তৃবাচ্যে (active voice) কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়। যথা,—নরঃ গচ্ছতি=A man is going. নরৌ গচ্ছতঃ=Two men are going. নরাঃ গচ্ছন্তি=Men are going.

দ্বিতীয়া—নরম্—একটি নরকে, a man (object). নরৌ=দুইটি নরকে, নরান্=নরগণকে। কর্ত্তৃবাচ্যে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—নরং পশ্য=See the man. নরৌ পশ্য=See the two men. নরান্ পশ্য=See the men: নরং বদতি=He says to the man.

তৃতীয়া—নরেণ=একটি নর দ্বারা—By a man, নরাভ্যাম্—দুইটি নর দ্বারা By two men, নরৈঃ—নরগণ দ্বারা By many men.

করণে তৃতীয়া বিভক্তি হয়। By অথবা with এর অর্থে তৃতীয়া বিভক্তি যোগ করিতে হয়। With a man = নরেণ।

চতুর্থী—নরায় = একটি নরকে, অথবা একটি নরের জন্য = To a man, or, for a man, নরাভ্যাম্ = To (or, for) two men, নরেভ্যঃ = To (or for) many men, সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যথা, নরায় যচ্ছতি = gives the man.

পঞ্চমী—নরাৎ = একটি নর হইতে, from a man, নরাভ্যাম্ = দুইটি নর হইতে from two men নরেভ্যঃ—অনেক নর হইতে from many men, অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—নরাৎ গৃহ্লাতি—He takes from the man.

ষষ্ঠী—নরস্য—একজন মনুষ্যের of a man, নরয়োঃ = দুটি নরের of two men, নরাণাম্ = অনেক নরের of many men, সম্বন্ধে (Possessive case এ) ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—নরস্য হস্তঃ = A mans hand.

সপ্তমী—নরে = একটি নরে—In a man, নরয়োঃ = দুটি নরে In two men, নরেষু = বহু নরে In many men, অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। যথা, নরেষু দয়া অস্তি = There is kindness in men.

সম্বোধন (vocative case এ)—নর = হে নর O man! নরৌ = হে নর দুইটি! Oh two men! নরাঃ = হে নরগণ! O men!

প্রায় সমুদয় 'অ'কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ নর শব্দের তুল্য।

Bases declined like নর।

দেব—God, হর, শিব—Lord Siva, ঈশ্বর—God, নৃপ—king, সূর্য্য—sun, চন্দ্র—moon, পবন—wind, জনক—father, সহোদর = brother, মাতুল—maternal uncle, শিক্ষক—teacher, শিষ্য ছাত্র

—student, গ্রন্থ—book, বিদ্যালয়—School, আলয়—house, বালক—boy, পাদ—foot, হস্ত—hand, দন্ত—tooth, কেশ—hair, নখ—nail অন্ধকার—darkness, দিবস—day, মাস—month, বৎসর—year, অনল—fire, অনিল—wind, দীপ—lamp, তনয় পুত্র, আত্মজ—son, পর্ব্বত—mountain, বৃক্ষ—tree, গজ—elephant, অশ্ব—horse, ব্যাঘ্র—tiger, শৃগাল, জম্বুক—jackal, কুক্কুর, সারমেয়—dog, গর্দ্দভ—ass, বিড়াল—cat, ছাগ—goat, কাক—crow, বিহগ—bird, সর্প—serpent, হংস—drake. সিংহ—lion, মৎস্য—fish, বানর—monkey, গ্রাম—village. স্বর্গ—heaven.

EXERCISE 6.

1. Translate into English :—

বালকঃ বিদ্যালয়ং যাতি (goes). সূর্য্যঃ কিরণং যচ্ছতি (gives). শিক্ষকস্য পাদৌ বন্দতে (salutes) ছাত্রঃ। অনলঃ বৃক্ষং দহতি (burns). বৃক্ষেষু বানরাঃ বিহগাশ্চ তিষ্ঠন্তি (stay, live). নরঃ পাদাভ্যাং চলতি (goes). ছাত্রঃ হস্তেন লিখতি (writes). গ্রামাৎ মনুষ্যাঃ আগচ্ছন্তি (come). শিবস্য পুত্রঃ গণেশঃ। অশ্বাঃ ধাবন্তি (run).

2. Translate into Sanskrit :—

There are (সন্তি) clouds on the mountain. There are (সন্তি) nails in the feet of the tiger. From the book of the student. Fishes live (নিবসন্তি) in seas (সাগর) and lakes (সরোবর). The birds are singing (গায়ন্তি বা কূজন্তি) on the trees. The hands of the boy are burnt (দগ্ধ) by fire. The student is coming (আয়াতি বা আগচ্ছতি) from the house of his maternal uncle. He (সঃ) will go (গমিষ্যতি বা যাস্যতি) to the school with the teacher.

5. বিশেষণ। Adjective.

১। যে পদের দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ করা হয়, তাহাকে **বিশেষণ** বলে। যথা, সুন্দরঃ বালকঃ, সুন্দরী বালিকা, মধুরং ফলম্, সুশীলঃ ছাত্রঃ, ধার্ম্মিকঃ নরঃ ইত্যাদি বাক্যে সুন্দরঃ, সুন্দরী, মধুরম্, সুশীলঃ, ধার্ম্মিকঃ প্রভৃতি বিশেষণ পদ।

২। বিশেষণের নিজের কোনও লিঙ্গ, পুরুষ, বচন কিংবা বিভক্তি না থাকিলেও, ইহা যে বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ করে, তাহারই লিঙ্গ, পুরুষ, বচন ও বিভক্তি গ্রহণ করে। যথা, সুন্দর মনুষ্য = সুন্দরঃ নরঃ। দুইটি সুন্দর মনুষ্য = সুন্দরৌ নরৌ। একটি সুন্দর মেয়ে = সুন্দরী বালা। একটি সুন্দর ছেলের = সুন্দরস্য বালকস্য। সুন্দর ছেলের নিকট হইতে = সুন্দরাৎ বালকাৎ। সুন্দর বালকটিকে কাপড় দিতেছেন = সুন্দরায় বালকায় বস্ত্রং যচ্ছতি। ধার্ম্মিক লোকদিগকে = ধার্ম্মিকান্ নরান্।

৩। বিশেষণ যদি অন্য বিশেষণের গুণ প্রকাশ করে কিংবা কোনও ক্রিয়ার গুণ বা অবস্থা প্রকাশ করে, তখন ইহা বিশেষণের বিশেষণ অথবা ক্রিয়ার বিশেষণ (adverb) হইয়া ক্লীবলিঙ্গ, প্রথমপুরুষ ও দ্বিতীয়ার একবচন মাত্র গ্রহণ করে। যথা,—ভৃশং দুঃখিতঃ = very. sorry অশ্বঃ দ্রুতং যাতি = The horse is going quickly.

৪ নিম্নে কয়েকটি অকারান্ত বিশেষণ শব্দ দেওয়া হইল। পুংলিঙ্গ শব্দের বিশেষণ হইলে, ইহাদের রূপ নর শব্দের তুল্য। বৃদ্ধ—old, অন্ধ—blind. মূর্খ—foolish, সবল—strong. দুর্ব্বল—weak. বিজ্ঞ—wise. ধার্ম্মিক—pious, চতুর—clever, নিপুণ = expert, কুৎসিত—ugly, কোমল—soft, শ্বেত, শুভ্র—white, কৃষ্ণ—black, শিষ্ট—polite, শীতল—cool, ক্রুদ্ধ—angry, কুপিত—enraged, হৃষ্ট—glad, সুন্দর—beautiful, সুখকর—pleasing, সরল—sincere, ভীত—afraid, অলস—lazy, ভীষণ—terrible.

EXERCISE 7.

1. Decline—সাগর, সিংহ, নৃপ and শিবা with an appropriate adjective to each of them in all the case-endings.

2. Translate into English :—শিষ্যাঃ ছাত্রাঃ বিজ্ঞং শিক্ষকং প্রণমন্তি (bow down ; salute)। মূর্খঃ পুত্রঃ জনকস্য ক্লেশায় ভবতি (is)। শুভ্রাঃ মেঘাঃ সমুদ্রাৎ পর্ব্বতং গচ্ছন্তি (go)। শীতলঃ পবনঃ মন্দংমন্দং (gently) বহতি (blows)। সবলাঃ ব্যাঘ্রাঃ দুর্ব্বলান্ হরিণান্ ঘ্নন্তি (kill)। বৃদ্ধায় অন্ধায় চ ভিক্ষাং দেহি (give)।

3. Translate into Sanskrit :—

The crows are black. I saw (অপশ্যম্) a lazy boy. The birds are afraid (বিভ্যতি) of (পঞ্চমী the snakes. The students are reading (পঠন্তি বা অধীয়তে) their (তেষাং) books (গ্রন্থ) The king will give (দাস্যতি) the Brahmana a village. The soldier saved (অত্রায়ত) the boy from the tiger. The hunter (ব্যাধঃ) kills (হন্তি) the innocent deer. Dasaratha was (আসীৎ) father of Rama. The teacher asks (পৃচ্ছতি) the student a question. The dogs and cats live (নিবসন্তি) in the houses of men. Tigers do not stay (অবতিষ্ঠন্তে) in the village during the day. The old monkey fell down (অপতৎ) from the tree. The blind man took (অগৃহ্লাৎ) a rod (দণ্ড) by his hand. The tree was (আসীৎ) burnt (দগ্ধ) by fire. The sons of the king (ভূপ, নৃপ) live (নিবসন্তি) in the palace (প্রাসাদ). The Brahmanas are cooking (পচন্তি) rice (তণ্ডুলান্).

6. Masculine bases ending in vowels.

আকারান্ত বিশ্বপা শব্দ। (God)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বিশ্বপাঃ	বিশ্বপৌ	বিশ্বপাঃ
দ্বিতীয়া	বিশ্বপাম্	বিশ্বপৌ	বিশ্বপঃ
তৃতীয়া	বিশ্বপা	বিশ্বপাভ্যাম্	বিশ্বপাভিঃ
চতুর্থী	বিশ্বপে	বিশ্বপাভ্যাম্	বিশ্বপাভ্যঃ
পঞ্চমী	বিশ্বপঃ	বিশ্বপাভ্যাম্	বিশ্বপাভ্যঃ
ষষ্ঠী	বিশ্বপঃ	বিশ্বপোঃ	বিশ্বপাম্
সপ্তমী	বিশ্বপি	বিশ্বপোঃ	বিশ্বপাসু
সম্বোধন	বিশ্বপাঃ		

ধাতুনিষ্পন্ন সমুদয় আকারান্ত শব্দ এইরূপ। e g. সোমপা, গোপা etc.

ইকারান্ত—মুনি শব্দ। (Sage)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
দ্বিতীয়া	মুনিম্	মুনী	মুনীন্
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম্	মুনিভিঃ
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
পঞ্চমী	মুনেঃ	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
ষষ্ঠী	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম্
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু
সম্বোধন	মুনে		

পতি ও সখি ভিন্ন সমুদয় পুংলিঙ্গ ইকারান্ত শব্দ এইরূপ।

পতি শব্দ। (Husband, Lord).

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধন	পতে		

সমাসের অন্তে স্থিত পতি শব্দের রূপ মুনি শব্দের তুল্য ;—যথা-ভূপতি, মহীপতি, নৃপতি, নরপতি (king etc)।

সখি শব্দ। Friend),

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম্
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধনে	সখে।		

Important bases declined like মুনি।

অগ্নি—fire. হরি—the god Hari. কবি—poet. বিধি—

creator. গিরি, অদ্রি—mountain. কপি—monkey. ঋষি—sage. রবি—the sun. বহ্নি—fire. সারথি—charioteer. অরি—enemy. অতিথি—guest. অলি—bee. মণি—jewel. ব্যাধি—disease. পাণি—hand. উদধি—sea. ocean. ধ্বনি—sound. কুক্ষি—belly. অসি—sword. জ্ঞাতি—kinsman. রশ্মি—ray, string. রাশি—heap. নৃপতি, ভূপতি—king. সেনাপতি—general. (অন্য শব্দের সহিত পতি শব্দের সমাস হইলে যে সমস্ত-শব্দ হয়, তাহাদের রূপ মুনিশব্দের তুল্য—নরপতি—king. উমাপতি—husband of উমা etc.)

EXERCISE 8

1. Point out the বিভক্তিs wherein the declension of পতি differs from that of মুনি।

2. Decline অরি and সখি with appropriate adjectives qualifying them in all the case-endings.

3. Translate into English :—

কবিষু কালিদাসঃ শ্রেষ্ঠঃ। হিমাদ্রেঃ কুক্ষৌ বসন্তি (live) তাপসাঃ। কবিঃ মুনেরাশ্রমং গতবান্ (went)। কপয়ঃ বৃক্ষাৎ উদধৌ পতন্তি (fall down)। নরপতিঃ অসিনা অরীন্ হন্তি (kills)। ঋষয়ঃ বহ্নৌ বলীন্ ক্ষিপন্তি (throw)। অগ্নিনা দগ্ধৌ (burnt) সখ্যুঃ পাণী। মণিভিঃ ভূষিতাঃ (decorated) অহয়ঃ।

4. Translate into Sanskrit :—

From the bees (অলি). In my hands. On the sea (উদধি)। By the rays of the sun. To the guests. Among the poets. In the house of the friend of Hari. There are (সন্তি) many trees on the mountain. People honour

(সম্মানয়ন্তি) the guests. The Brahmanas are worshipping (পূজয়ন্তি) the sun with offerings. (বলি)।

ঈকারান্ত—সুধী—Wise.

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ
দ্বিতীয়া	সুধিয়ম্	সুধিয়ৌ	সুধিয়ঃ
তৃতীয়া	সুধিয়া	সুধীভ্যাম্	সুধীভিঃ
চতুর্থী	সুধিয়ে	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
পঞ্চমী	সুধিয়ঃ	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
ষষ্ঠী	সুধিয়ঃ	সুধিয়োঃ	সুধিয়াম্
সপ্তমী	সুধিয়ি	সুধিয়োঃ	সুধীষু
সম্বোধন	সুধীঃ		

সেনানী ; অগ্রণী—leader ; গ্রামণী—leader or headman of a village : প্রভৃতি কতকগুলি ভিন্ন, অপহ্রী—shameless ; দুর্ধী—silly, যবক্রী—one who buys barley ; শুদ্ধধী—of pure intellect ; হতধী—fool প্রভৃতি প্রায় সমুদয় ঈকারান্ত শব্দ এইরূপ।

সেনানী—Leader of an army.

প্রথমা	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ
দ্বিতীয়া	সেনান্যম্	সেনান্যৌ	সেনান্যঃ
তৃতীয়া	সেনান্যা	সেনানীভ্যাম্	সেনানীভিঃ
চতুর্থী	সেনান্যে	সেনানীভ্যাম্	সেনানীভ্যঃ
পঞ্চমী	সেনান্যঃ	সেনানীভ্যাম্	সেনানীভ্যঃ
ষষ্ঠী	সেনান্যঃ	সেনান্যোঃ	সেনান্যাম্
সপ্তমী	সেনান্যাম্	সেনান্যোঃ	সেনানীষু
সম্বোধন	সেনানীঃ		

অগ্রণী প্রভৃতিরও এইরূপ। প্রধী—Extremely intelligent প্রভৃতি কতকগুলি শব্দ আছে, তাহারা সেনানী শব্দের তুল্য; কেবল সপ্তমীর একবচনে প্রধ্যি, এইরূপ পদ হয়। আর বাতপ্রমী—antelope প্রভৃতি কতকগুলি শব্দের রূপও সেনানীশব্দের ন্যায়; কেবল দ্বিতীয়ার একবচনে বাতপ্রমীম্, দ্বিতীয়ার বহুবচনে বাতপ্রমীন্ এবং সপ্তমীর একবচনে বাতপ্রমী, এইরূপ পদ হয়, এইমাত্র বিশেষ।

উকারান্ত—সাধু—Sage, saint.

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম্
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধন	সাধো		

অণু—atom; ইক্ষু—sugarcane; ঋতু-season; কারু-an artist; গুরু—preceptor; গোমায়ু—jackal; জন্তু—animal; ডমরু—a musical instrument; তন্তু—thread; তরু—tree; দস্যু—robber; ধাতু—a primary or elementary substance, metal, mineral; পরশু—an axe; পশু—beast; পাংশু—dust; প্রভু—master; ফেরু—a jackal; বন্ধু—friend; বিন্দু—drop; ভিক্ষু—beggar; মনু—the Hindu legislator; মৃত্যু—death; রাহু—*Rahu*, বটু—Brahmana; বিভু—lord omnipresent;

বিষ্ণু—the god Vishnu ; বেণু—bamboo, flute ; শত্রু—enemy ; শিশু—an infant, a child ; সূনু—son ; সেতু—bank, bridge ; হনু—jaw ; হেতু—cause প্রভৃতি প্রায় সমুদয় পুংলিঙ্গ উকারান্ত শব্দের রূপ সাধুশব্দের ন্যায়।

ক্রোষ্টু—Jackal.

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ক্রোষ্টা	ক্রোষ্টারৌ	ক্রোষ্টারঃ
দ্বিতীয়া	ক্রোষ্টারম্	ক্রোষ্টারৌ	ক্রোষ্টূন্
তৃতীয়া	ক্রোষ্টুনা, ক্রোষ্ট্রা	ক্রোষ্টুভ্যাম্	ক্রোষ্টুভিঃ
চতুর্থী	ক্রোষ্টবে, ক্রোষ্ট্রে	ক্রোষ্টুভ্যাম্	ক্রোষ্টুভ্যঃ
পঞ্চমী	ক্রোষ্টোঃ, ক্রোষ্টুঃ	ক্রোষ্টুভ্যাম্	ক্রোষ্টুভ্যঃ
ষষ্ঠী	ক্রোষ্টোঃ, ক্রোষ্টুঃ	ক্রোষ্ট্বোঃ ক্রোষ্ট্রোঃ	ক্রোষ্টূনাম্
সপ্তমী	ক্রোষ্টৌ, ক্রোষ্টরি	ক্রোষ্ট্বোঃ ক্রোষ্ট্রোঃ,	ক্রোষ্টুষু
সম্বোধন	ক্রোষ্টো		

উকারান্ত—প্রতিভূ—Surety, sponsor.

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
দ্বিতীয়া	প্রতিভুবম্	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
তৃতীয়া	প্রতিভুবা	প্রতিভূভ্যাম্	প্রতিভূভিঃ
চতুর্থী	প্রতিভুবে	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
পঞ্চমী	প্রতিভুবঃ	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
ষষ্ঠী	প্রতিভুবঃ	প্রতিভুবোঃ	প্রতিভুবাম্
সপ্তমী	প্রতিভুবি	প্রতিভুবোঃ	প্রতিভূষু
সম্বোধন	প্রতিভূঃ		

খলপূ, স্থূলু প্রভৃতি ভিন্ন প্রায় সমুদয় উকারান্ত পুংলিঙ্গ শব্দ এইরূপ।

খলপূ শব্দ। (Sweeper)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	খলপূঃ	খলপ্বৌ	খলপ্বঃ
দ্বিতীয়া	খলপম্	খলপ্বৌ	খলপ্বঃ
তৃতীয়া	খলপ্বা	খলপূভ্যাম্	খলপূভিঃ
চতুর্থী	খলপ্বে	খলপূভ্যাম্	খলপূভ্যঃ
পঞ্চমী	খলপ্বঃ	খলপূভ্যাম্	খলপূভ্যঃ
ষষ্ঠী	খলপ্বঃ	খলপ্বোঃ	খলপ্বাম্
সপ্তমী	খলপি	খলপোঃ	খলপূষু
সম্বোধন	খলপূঃ		

সুলূ—A good cutter, বর্ষাভূ—frog প্রভৃতিরও এইরূপ।

ঋকারান্ত দাতৃ শব্দ। (Giver).

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দাতা	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	দাতৄন্
তৃতীয়া	দাত্রা	দাতৃভ্যাম্	দাতৃভিঃ
চতুর্থী	দাত্রে	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
পঞ্চমী	দাতুঃ	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
ষষ্ঠী	দাতুঃ	দাত্রোঃ	দাতৄণাম্
সপ্তমী	দাতরি	দাত্রোঃ	দাতৃষু
সম্বোধন	দাতঃ		

পিতৃ (father). ভ্রাতৃ (brother). জামাতৃ (son-in-law). দেবৃ, (husband's brother). সব্যেষ্ট (charioteer). এবং নৃ (man). শব্দ

ভিন্ন সমুদয় পুংলিঙ্গ ঋকারান্ত শব্দের রূপ দাতৃ শব্দের তুল্য। e.g. ধাতৃ—creator. ভর্ত্তৃ—husband, lord. কর্ত্তৃ—lord, maker. সবিতৃ—the sun. নেতৃ—leader. ক্রেতৃ—buyer. শ্রোতৃ—one who hears, hearer. বক্তৃ—speaker.

পিতৃ শব্দ। (Father)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পিতা	পিতরৌ	পিতরঃ
দ্বিতীয়া	পিতরম্	পিতরৌ	
সম্বোধন	পিতঃ		

অবশিষ্ট বিভক্তিতে দাতৃ শব্দের ন্যায়।

জামাতৃ—son-in-law. ভ্রাতৃ—brother. সব্যেষ্টৃ—charioteer. দেবৃ—husband's brother. এই শব্দ গুলির রূপ পিতৃ শব্দের ন্যায়; কেবল নৃ—man শব্দের ষষ্ঠীর বহুবচনে নৃণাম্ নৄণাম্ এই দুই পদ হয়।

ঐকারান্ত রৈ শব্দ। (Wealth)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	রাঃ	রায়ৌ	রায়ঃ
দ্বিতীয়া	রায়ম্	রায়ৌ	রায়ঃ
তৃতীয়া	রায়া	রাভ্যাম্	রাভিঃ
চতুর্থী	রায়ে	রাভ্যাম্	রাভ্যঃ
পঞ্চমী	রায়ঃ	রাভ্যাম্	রাভ্যঃ
ষষ্ঠী	রায়ঃ	রায়োঃ	রায়াম্
সপ্তমী	রায়ি	রায়োঃ	রাসু
সম্বোধনে	রাঃ		

ওকারান্ত গো শব্দ। (Bull, ox).

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ		

সমুদয় পুংলিঙ্গ ওকারান্ত শব্দ এইরূপ।

ঔকারান্ত গ্লৌ শব্দ। (Moon)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গ্লৌঃ	গ্লাবৌ	গ্লাবঃ
দ্বিতীয়া	গ্লাবম্	গ্লাবৌ	গ্লাবঃ
তৃতীয়া	গ্লাবা	গ্লৌভ্যাম্	গ্লৌভিঃ
চতুর্থী	গ্লাবে	গ্লৌভ্যাম্	গ্লৌভ্যঃ
পঞ্চমী	গ্লাবঃ	গ্লৌভ্যাম্	গ্লৌভ্যঃ
ষষ্ঠী	গ্লাবঃ	গ্লাবোঃ	গ্লাবাম্
সপ্তমী	গ্লাবি	গ্লাবোঃ	গ্লৌষু
সম্বোধন	গ্লৌঃ		

সমুদয় পুংলিঙ্গ ঔকারান্ত শব্দ এইরূপ।

EXERCISE 9

1. Decline in ২য়া, ৫মী, ৬ষ্ঠী and ৭মী the following bases :—সুশ্রী, সেনানী, প্রভু, স্বভূ, সবিতৃ, ভ্রাতৃ, রৈ, গো, গ্লৌ।

2. Give appropriate adjectives to the following words :—সুধিয়ে, সুশ্রিয়া, সেনান্যাম্, বিধৌ, বন্ধ্বু, প্রতিভুবাম্, খলপূঃ, দাতুঃ, সবিতরি, পিতরৌ, রায়া, গবে, গ্লাবঃ।

3. Mention the বিভক্তি wherein the declension of ভ্রাতৃ deffers from that of ধাতৃ।

4. Translate into English :—

ভানুরুদেতি (rises)। বিধুরস্তং গতঃ (set)। ভ্রাতঃ চন্দ্রং পশ্য (see)। শিশুঃ পিতুশ্চরণৌ বন্দতে (worships)। সাধুভিঃ সহ বস (live)। সেবকঃ প্রভোরাদেশং পালয়তি (obeys)। ধার্ম্মিকঃ রিপূন্ জয়তি (conquers)। বায়ুনা তরবঃ কম্পন্তে (shake)। ক্ষেত্রেষু গাবশ্চরন্তি (graze)। দাতারো দয়ালবঃ সদা। অমূল্যো হি সুধিয়াম্ উপদেশঃ। জামাত্রে রায়ং যচ্ছতি (gives)। সিংহঃ পশূনাং প্রভুঃ। দুঃশীলাঃ সাধোঃ রিপবঃ।

5. Translate into Sanskrit : –The rays of the moon are cold. Rama is walking (ভ্রমতি) with his brothers. Wise men have no fear from death. The child is calling (আহ্বয়তি) his (তস্য) parents. Jadu's arms are strong. The sage lived (উবাস) in a holy forest with wild beasts. The dust was carried away (বিক্ষিপ্তাঃ) by a violent (প্রচণ্ড) wind.

The lord of heaven honoured (সম্ভাবয়ামাস) the sage. The friends of the intelligent man (সুধী) always praise (প্রশংসন্তি) him (তম্).

---

8. পুরুষ। (Person).

১। শব্দের তিনটি পুরুষ (person) আছে। অস্মদ্ শব্দটি উত্তম পুরুষ; উহাতে বিভক্তি যোগ করিয়া যে সমস্ত পদ হয়, তাহারাও উত্তম পুরুষ (First person) বলিয়া গণ্য। যথা—অহম্ = আমি, আবাম্ = আমরা দুইজন, বয়ম্ = আমরা সকলে।

যুস্মদ্ শব্দটি মধ্যম পুরুষ; উহাতে বিভক্তি যোগে যে সমস্ত পদ নিষ্পন্ন হয়, তৎসমুদয়ও মধ্যম পুরুষ (Second person); যথা, ত্বম্ = তুমি, যুবাম্ = তোমরা দুইজন, যূয়ম্ = তোমরা সকলে।

অস্মদ্ এবং যুস্মদ্ ব্যতীত অন্য সকল শব্দই প্রথম পুরুষ (Third person). যথা,—সঃ, নরঃ, গজঃ ইত্যাদি। ভবৎ শব্দ (আপনি, you) (যুস্মদর্থ বাচক হইলেও) প্রথম পুরুষ। যথা, ভবান্ গচ্ছতু।

[অস্মদ্ যুস্মদ্ এবং তদ্ শব্দ সর্ব্বনাম। সমস্ত বিভক্তিতে ইহাদের রূপ সর্ব্বনাম শব্দের মধ্যে দ্রষ্টব্য। আপাততঃ এই তিনটি শব্দের প্রথমা বিভক্তির রূপ শিখিলে অনুবাদ শিক্ষার বিশেষ সুবিধা হইবে]।

অস্মদ্ শব্দ। First person.

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা—	অহম্	আবাম্	বয়ম্

যুস্মদ্ শব্দ। Second person.

প্রথমা—	ত্বম্	যুবাম্	যূয়ম্।

তদ্ শব্দ। Third person. (Masculine)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা—	সঃ	তৌ	তে।
		Feminine.	
প্রথমা—	সা	তে	তাঃ
		Neuter.	
প্রথমা—	তৎ	তে	তানি।

9. ক্রিয়া। Verb.

১। ভূ (to be), স্থা (to stay), পঠ্ (to read) ইত্যাদির এক একটিকে এক একটি ধাতু (Root) বলে। এক একটি ধাতুর দ্বারা এক একটি ক্রিয়া বুঝায়।

২। শব্দের যেমন তিনটি বচন আছে, ধাতুরও সেইরূপ তিনটি বচন আছে। কর্ত্তৃবাচ্যে কর্ত্তার যে বচন ক্রিয়ারও সেই বচন হয়।

৩। কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃপদের যে পুরুষ (Person) ক্রিয়ারও সেই পুরুষ হয়। অতএব প্রত্যেক কালে (Tenseএ) ধাতুর তিন পুরুষে এবং তিন বচনে রূপ (Conjugation) হইয়া থাকে।

৪। ক্রিয়ার তিনটি কাল (Tense) আছে :—

1. বর্ত্তমান কাল—(Present tense)। 2. অতীত কাল—(Past tense)। এবং 3. ভবিষ্যৎকাল—(Future tense)।

এই তিন কালের মধ্যে বর্ত্তমান কালে ধাতুর উত্তর লট্এর বিভক্তি যোগ করা হয়। অতীত কালে লঙ্ লুঙ্ অথবা লিট্ এবং ভবিষ্যৎ কালে লৃট্ ও লুট্ হয়। তদ্ভিন্ন অনুজ্ঞা অর্থে (Imparative moodএ) ধাতু লোটের বিভক্তি গ্রহণ করে এবং বিধি অর্থে (Potential moodএ) বিধিলিঙ্এর বিভক্তি গ্রহণ করে।

৫। ক্রিয়ার মধ্যে কতকগুলি সকর্ম্মক (Transitive) এবং কতক-গুলি অকর্ম্মক (Intransitive). তন্মধ্যে হওয়া, থাকা, লজ্জা করা, জাগরিত হওয়া, বৃদ্ধি পাওয়া, ক্ষয় পাওয়া, ভয় পাওয়া, বাঁচিয়া থাকা, মরিয়া যাওয়া, নৃত্য করা, নিদ্রিত হওয়া, বাস করা, ক্রন্দন করা, হাস্ত করা, ক্রীড়া করা প্রভৃতি অর্থে ক্রিয়াসমূহ অকর্ম্মক।

৬। ধাতুর উত্তর লট্ (Present) লোট্ (Imparative) লঙ্ (Imperfect) বিধিলিঙ্ (Potential) লুট্ (Periphrastic future) ল়ৃট্ (Future) ল়ৃঙ (Conditional past) আশীর্লিঙ্ (Benedictive) লিট্ (Perfect) লুঙ্ (Aorist) এই দশটি বিভক্তি প্রযুক্ত হইয়া পদ গঠিত হয়। তন্মধ্যে প্রথম-শিক্ষার্থিগণের সুবিধার জন্য কেবল লট্, লঙ্, লিট্, ল়ৃট্, লোট্ ও বিধিলিঙ্ এই ছয় বিভক্তিতে ধাতুর রূপ প্রদর্শিত হইতেছে।

ক। বিভক্তি সকল দুই ভাগে বিভক্ত। প্রথম ভাগের নাম পরস্মৈপদ, দ্বিতীয় ভাগের নাম আত্মনেপদ।

খ। প্রত্যেক বিভক্তির অষ্টাদশ আকার ; পরস্মৈপদে নয়টি এবং আত্মনেপদে নয়টি ; সুতরাং পরস্মৈপদে ৯০টি এবং আত্মনেপদে ৯০টি সমুদায়ে বিভক্তির আকার ১৮০টি।

গ। বিভক্তিগুলির সাধারণ নাম 'তিঙ্' ; ধাতুর সহিত বিভক্তি যোগ করিলে 'তিঙন্তপদ' গঠিত হইয়া থাকে।

৭। ধাতু সমূহের কতকগুলি পরস্মৈপদীয় কতকগুলি বা আত্মনেপদীয় এবং কতকগুলি উভয় পদীয় অর্থাৎ পরস্মৈপদের এবং আত্মনেপদের উভয়েরই বিভক্তি গ্রহণ করে।

তিঙন্ত-বিভক্তির আকৃতি।

লট্ (বর্ত্তমানকাল)—পরস্মৈপদ। Present tense.

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তি	সি	মি
দ্বিবচন	তস্	থস্	বস্
বহুবচন	অন্তি	থ	মস্

কর্ম্মবাচ্যে তব্য, অনীয় ও য প্রত্যয় করিলে যে সকল শব্দ হয়, তাহারা কর্ম্মের বিশেষণ স্বরূপ। এই হেতু কর্ম্মপদের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন, ঐ সকল শব্দেও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হয়। এই তিনটি প্রত্যয় করিলে যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ পুংলিঙ্গে নর-শব্দের মত, স্ত্রীলিঙ্গে লতা-শব্দের মত এবং ক্লীবলিঙ্গে ফল-শব্দের মত। যথা, পঠ্-ধাতু অনীয়, ময়া গ্রন্থঃ পঠনীয়ঃ; আমি গ্রন্থ পাঠ করিব। ময়া

পত্রিকা পঠনীয়া। ময়া পুস্তকং পঠনীয়ম্। পঠনীয়ং গ্রন্থং, পঠনীয়েন গ্রন্থেন, পঠনীয়েষু গ্রন্থেষু ইত্যাদি।

শতৃ ও শানচ্।

(Present Participles)

কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে পরস্মৈপদী ধাতুর উত্তর শতৃ এবং আত্মনেপদী ধাতুর উত্তর শানচ্ প্রত্যয় হয়। উভয়পদী ধাতুর উত্তর শতৃ ও শানচ্ দুইই হয়। শতৃ-প্রত্যয়ের অৎ ও শানচ্ প্রত্যয়ের আন থাকে। যথা,—গম্+শতৃ=গচ্ছৎ। ধাব+শতৃ=ধাবৎ। দৃশ্+শতৃ=পশ্যৎ। বদ+শতৃ=বদৎ, ভূ+শতৃ=ভবৎ।

সাধারণতঃ ধাতুর লট্ অন্তি বিভক্তিতে যে পদ হয়, তাহার ই এবং ন্ লোপ করিলে শতৃপ্রত্যয়ান্ত পদ হয়। যথা,—স্থা-ধাতু+শতৃ তিষ্ঠৎ; দৃশ্-ধাতু+শতৃ পশ্যৎ; গম্ ধাতু+শতৃ গচ্ছৎ; জ্ঞা-ধাতু+শতৃ জানৎ; গ্রহ্-ধাতু+শতৃ গৃহ্নৎ; কৃ-ধাতু+শতৃ কুর্ব্বৎ ইত্যাদি। সেব্-ধাতু শানচ সেবমানঃ; জন্-ধাতু+শানচ্ জায়মানঃ; মৃ-ধাতু+শানচ্ ম্রিয়মাণঃ; দা-ধাতু+শানচ্ দদানঃ; কৃ-ধাতু+শানচ্ কুর্ব্বাণঃ; শী-ধাতু+শানচ্ শয়ানঃ; ব্রূ-ধাতু+শানচ্ ব্রুবাণঃ, আস্ ধাতু শানচ্ আসীনঃ ইত্যাদি।

কর্ম্মবাচ্যে সকল ধাতুর উত্তরই শানচ্ প্রত্যয় হয় এবং লট্ বিভক্তির রূপের ন্যায় ধাতুর উত্তর একটি 'য' বসে। যথা,—দা-ধাতু=শানচ্ দীয়মানঃ; কৃ-ধাতু+শানচ্=ক্রিয়মাণঃ; পা ধাতু (to drink)+শানচ্=পীয়মানঃ; হৃ-ধাতু+শানচ্=হ্রিয়মাণঃ; দৃশ্-ধাতু+শানচ্=দৃশ্যমানঃ; হন্-ধাতু শানচ্=হন্যমানঃ ইত্যাদি।

কর্তৃবাচ্যে শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ গুলি তাহারই কর্ত্তার বিশেষণ বলিয়া গণ্য; সুতরাং কর্ত্তার যে বিভক্তি যে লিঙ্গ ও যে বচন, উহাতেও

সেই বিভক্তি, সেই লিঙ্গ ও সেই বচন প্রযুক্ত হয়। যথা—গচ্ছন্ শিশুঃ; গচ্ছন্তং শিশুম্; গচ্ছদ্ভিঃ শিশুভিঃ ইত্যাদি। গচ্ছন্তী বালিকা; গচ্ছন্তীভিঃ বালিকাভিঃ; এইরূপ গচ্ছৎ মিত্রম্, গচ্ছন্তি মিত্রাণি ইত্যাদি।

কর্ম্মবাচ্যে শানচ্ প্রত্যয়ান্ত শব্দ কর্ম্মের বিশেষণ রূপে প্রযুক্ত হয়। যথা, ময়া গম্যমানং নগরম্, গম্যমানে নগরে, গম্যমানেষু নগরেষু ইত্যাদি।

ক্তবতু (Past Participle)

অতীত-কালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্তবতু প্রত্যয় হয়। তবৎ থাকে। ক্তবতু প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। এই হেতু কর্ত্তার যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন, এ সকল শব্দেও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইয়া থাকে। এই সকল শব্দের রূপ পুংলিঙ্গে ও ক্লীবলিঙ্গে শ্রীমৎ শব্দের মত এবং স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হইয়া নদী-শব্দের মত। যথা,—

জিধাতু + তবৎ = জিতবৎ; পুং, জিতবান্, জিতবন্তৌ, জিতবন্তঃ; ক্লী, জিতবৎ জিতবতী, জিতবন্তি; স্ত্রী, জিতবতী, জিতবত্যৌ, জিতবত্যঃ। রামঃ রাবণং জিতবান্ Rama conquered Ravana. শ্রু-ধাতু, স শাস্ত্রং শ্রুতবান্, He heard the Sastra. কৃ ধাতু, স কিং কৃতবান্? What has he done? এইরূপ, স্থা-ধাতু, স্থিতবান্; স্ত্রীলিঙ্গে স্থিতবতী; দা-ধাতু দত্তবান্; স্ত্রীলিঙ্গে দত্তবতী; গম্-ধাতু গতবান্; হন্ধাতু হতবান্; গ্রহধাতু গৃহীতবান্; দৃশ-ধাতু দৃষ্টবান্; জ্ঞা-ধাতু জ্ঞাতবান্; বদ্-ধাতু উক্তবান্; ভুজ্ধাতু ভুক্তবান্; চিন্তিধাতু চিন্তিতবান্ ইত্যাদি। গ্রামং গতবতী বালিকা; কৃতবন্তি মিত্রাণি ইত্যাদি।

ক্ত। (Past Participle.)

অতীত-কালে ধাতুর উত্তর সাধারণতঃ কর্ম্মবাচ্যে ক্ত প্রত্যয় হয়। ক্ত প্রত্যয়ের ত থাকে। যথা,—জি-ধাতু, জিতঃ; কৃ-ধাতু, কৃতঃ; গ্রহ্-ধাতু,

গৃহীতঃ ; দা ধাতু, দত্তঃ ; দৃশ্ ধাতু দৃষ্টঃ ; জ্ঞা ধাতু, জ্ঞাতঃ ; শ্রু-ধাতু, শ্রুতঃ ; বচ্-ধাতু উক্তঃ ইত্যাদি। শ্রুতো ময়া শিক্ষকস্য উপদেশঃ ; ঈশ্বরেণ সৃষ্টং জগৎ ; ভৃত্যেন শ্রুতা প্রভোরাজ্ঞা ইত্যাদি।

কর্ম্মবাচ্যে ক্ত প্রত্যয় করিলে যে শব্দ হয়, তাহা কর্ম্মের বিশেষণ ; এই হেতু কর্ম্মের যে লিঙ্গাদি থাকে, ঐ শব্দের সেই লিঙ্গাদিই হয়। ক্ত প্রত্যয় করিলে যে শব্দ হয়, তাহার রূপ পুংলিঙ্গে নর শব্দের মত, ক্লীবলিঙ্গে ফল-শব্দের ন্যায় এবং স্ত্রীলিঙ্গে লতা শব্দের তুল্য। যথা—পঠ-ধাতু+ক্ত, পঠিত তেন গ্রন্থঃ পঠিতঃ, The book was read by him. তেন পত্রিকা পঠিতা, The letter was read by him. তেন পুস্তকং পঠিতম্—The book was read by him.

অকর্ম্মক ধাতুর উত্তর এবং গম্, রুহ্ প্রভৃতি কতকগুলি সকর্ম্মকধাতুর উত্তর কর্তৃবাচ্যেও ক্ত প্রত্যয় হয়। কর্তৃবাচ্যে ক্ত প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। যথা,—মৃ ধাতু—মৃত ; পুরুষো মৃতঃ, The man is dead. স্ত্রী মৃতা, The woman is dead. অপত্যং মৃতম্, The child is dead. ভূ-ধাতু, ভূতঃ, স্থা-ধাতু, স্থিতঃ ; লজ্জ্-ধাতু, লজ্জিতঃ ; ভী-ধাতু ভীতঃ ; জাগৃ-ধাতু, জাগরিতঃ ; গম্-ধাতু, গতঃ ; স গৃহং গতঃ ; He went home. রুহ্-ধাতু, রূঢ়ঃ ; বানরো বৃক্ষম্ আরূঢ়ঃ ; The monkey climbed the tree.

অকর্ম্মক ও সকর্ম্মক এই দুই প্রকার ধাতুর উত্তরই ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয়। ভাববাচ্যে ক্ত প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহার রূপ সর্ব্বদাই ক্লীবলিঙ্গ অকারান্ত শব্দের মত হইয়া থাকে। যথা—ময়া জিতম্, I have conquered. তেন কুত্র স্থিতম্? Where did he remain? ত্বয়া দৃষ্টম্, You have seen, শিশুনা রুদিতম্ The child cried, ময়া গতম্, I went. স্ত্রিয়া লজ্জিতম্ The lady was ashamed. তেন জাগরিতম্ He awoke. চৌরেণ পলায়িতম্ The thief escaped.

ক্তিন্।

ভাববাচ্যে ধাতুর উত্তর ক্তিন্ প্রত্যয় হয়। ক্তিন্ প্রত্যয়ের তি থাকে, এবং ক্তিন্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা,—গম্-ক্তিন্ গতিঃ। এইরূপ মন্-মতিঃ, স্থা-স্থিতিঃ, স্মৃ স্মৃতিঃ, শ্রু-শ্রুতিঃ, মুচ্-মুক্তিঃ, দৃশ্-দৃষ্টিঃ, ভজ্-ভক্তিঃ, ভী-ভীতিঃ, স্তু-স্তুতিঃ, নী-নীতিঃ ইত্যাদি।

ইহাদের রূপ মতিশব্দের তুল্য

ণক।

কর্তৃবাচ্যে ধাতুর উত্তর ণক প্রত্যয় হয়। ণক প্রত্যয়ের অক থাকে। ণক প্রত্যয়ান্ত শব্দ কর্তার বিশেষণ হয়। যথা,—কৃ-কারকঃ, ধৃ-ধারকঃ, বচ্-বাচকঃ, গৈ-গায়কঃ, দা-দায়কঃ, হন্-ঘাতকঃ, গ্রহ্-গ্রাহকঃ, নী-নায়কঃ ইত্যাদি। স্ত্রীলিঙ্গে ইহাদের রূপ লতাশব্দবৎ। যথা—গায়িকা বালিকা; গায়িকায়ৈ বালিকায়ৈ; গায়িকায়াঃ বালিকায়াঃ ইত্যাদি।

তৃচ্।

কর্তৃবাচ্যে ধাতুর উত্তর তৃচ্ প্রত্যয় হয়। তৃচ্ প্রত্যয়ের তৃ থাকে। যথা,—দাধাতু+তৃচ্=দাতৃ, মা ধাতু+তৃচ্=মাতৃ, হৃ ধাতু+তৃচ্=হর্তৃ; ধা+তৃচ্=ধাতৃ। এইরূপ জ্ঞা-জ্ঞাতৃ, পা-পাতৃ, হন্-হন্তৃ, শ্রু-শ্রোতৃ ইত্যাদি। স্ত্রীলিঙ্গ তৃচ্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঈপ্ হয়; এবং নদীশব্দের ন্যায় রূপ হয়। যথা—দাত্রী মহিলা, শ্রোত্রী শিষ্যা ইত্যাদি।

ণিন্।

কর্তৃবাচ্যে ধাতুর উত্তর ণিন্ প্রত্যয় হয়। ণিন্ প্রত্যয়ের ইন্ থাকে। যথা,—দা-ণিন্, দায়িন্—দায়ী; গুণিন্ শব্দবৎ। এইরূপ বদ্—ণিন্, বাদিন্, স্থা—ণিন্=স্থায়িন্ গম্-ণিন্=গামিন্ ইত্যাদি। স্ত্রীলিঙ্গে ণিন্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঈপ্ হয়; রূপ নদীশব্দের ন্যায়। যথা প্রিয়বাদিনী বালা; চারুহাসিনী নারী ইত্যাদি।

ঘঞ্, অল্।

কর্তৃবাচ্য ভিন্ন অন্যবাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ ও অল্ প্রত্যয় হয়। উভয়েরই অ থাকে। ঘঞ্ ও অল্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ; সুতরাং নরশব্দের ন্যায়। যথা,—ত্যজ্-ঘঞ্ ত্যাগঃ,; ভজ্-ভাগঃ, শুচ্-শোকঃ, রুজ্-রোগঃ, পচ্-পাকঃ, পঠ্-পাঠঃ, নশ্-নাশঃ। ভী-অল্ ভয়ম্; হৃষ্-হর্ষঃ, রুষ্-রোষ, নী-নয়ঃ, ক্রুধ্-ক্রোধঃ, স্তু-স্তবঃ ইত্যাদি।

[ভয়, লিঙ্গ, ভগ ও পদ প্রভৃতি কয়েকটি শব্দ ক্লীবলিঙ্গ]

অনট্

কর্তৃবাচ্য ভিন্ন অন্যবাচ্যে ধাতুর উত্তর অনট্ প্রত্যয় হয়॥ অনট্ প্রত্যয়ের অন থাকে। যথা,—কৃ-অনট্ করণম্; গম্-অনট্—গমনম্; শী-অনট্—শয়নম্; এইরূপ দৃশ্-দর্শনম্, জ্ঞা-জ্ঞানম্, শ্রু-শ্রবণম্, স্মৃ-স্মরণম, নী-নয়নম্, ভুজ-ভোজনম্, যা-যানম্ ইত্যাদি। ভাববাচ্যে অনট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ; রূপ ফলশব্দবৎ।

EXERCISE 42

1. Translate into English :—

স বিদ্যালয়ং গন্তুম্ ইচ্ছতি। সোঽন্নং ভোক্তুম্ উপবিশতি। অশ্বম্ আরোঢুং স সমর্থঃ। ফলান্যাহর্তুং স বনং যাতি। ক্ষন্তুম্ অর্হসি মেঽপরাধম্। তং সন্তঃ শ্রোতুম্ অর্হন্তি। শত্রূন্ জেতুং শক্নোতি। মাং ত্যক্ত্বা কুত্র গচ্ছসি? গৃহং গত্বা ভুক্ত্বা চান্নং পুনরাগমিষ্যামি। মাং দৃষ্ট্বা সোঽকথয়ৎ। এতাবদুক্ত্বা বিররাম সিংহঃ। ধনুরাদায় স বনং গতঃ। বিজিত্য বহূন্ দেশান্ কুমারঃ প্রত্যাগতঃ। অথাভ্যর্চ্য বিধাতারং গুরোর্জগ্মতুরাশ্রমম্। ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জ্জনেন সমং ক্বচিৎ। লব্ধব্যমর্থং লভতে মনুষ্যঃ। বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলেষু চ। ন বঞ্চনীয়াঃ প্রভবোঽনুজীবিভিঃ। কন্যাঽপ্যেবং পালনীয়া রক্ষণীয়া চ যত্নতঃ, দেয়া বরায় বিদুষে। বৃদ্ধস্য বচনং গ্রাহ্যম্ আপৎকালে হ্যুপস্থিতে। ফলানুমেয়াঃ প্রারম্ভাঃ সংস্কারাঃ প্রাক্তনা

ইব। অচ্ছেদ্যোঽয়ম্ অদাহ্যোঽয়ম্ (আত্মা)। আজ্ঞা গুরূণাম্ অবিচারণীয়া। গৃহং গচ্ছন্ তৃণং স্পৃশতি। শয়ানো ন ভুঞ্জীত। অম্বরাদবতরন্তং মুনিং দদর্শ। রাজপুত্রাঃ অরীন্ জিতবন্তঃ। চিরাৎ দৃষ্টোঽসি। স শাপস্ত্বয়া ন শ্রুতঃ। সাধুঃ সতাং পূজিতঃ। তস্যৈকঃ সুকুমারো জাতঃ। মহাপঙ্কে নিপতিতোঽসৌ পঞ্চত্বং গতঃ।

2. Translate into Sanskrit :—

I do not wish to drink cold water. The fowlers are trying to kill the birds. He sat down to eat. On seeing me present in his house, he left his work. One should commence to read after saluting the goddess Saraswati. You should not play in the morning. Students must read their books at home. Wealth should be earned with care. The parents should be worshipped by all. She told me as she was giving alms to the begger. The sage told the king in reply as he was saluting him. See the peasants quarrelling with one another. Impertinence on the part of young boys should not be tolerated. Many countries were seen by the traveller. The thief was brought before the king. A horse was seen to run on the field. The guests were cordially received by the house-holder.

3. Correct the following :—

অন্নং দদন্তং নরম্ আহ্বয়। ম্রিয়ন্তং কো রক্ষিষ্যতি? অহং তং পূর্ব্বং ন দৃষ্টঃ। রাজ্ঞা শত্রবঃ জিতবন্তঃ। কদাপি সাধুঃ মিথ্যা ন বক্তব্যম্। ময়া পুস্তকং পঠিতবান্। সীতা লক্ষ্মণম্ উক্তা। ত্বং সদা পিতুর্বাক্যং শ্রোতব্যঃ। বালিকা হাস্যং কুর্ব্বন্তী বহবঃ পুষ্পাণি গৃহীতবন্তী। রাজ্ঞীং সেবন্তীং দাসীং সঃ দৃষ্টঃ। ভেকং আহত্বা সর্পঃ তস্য মাংসং খাদতি। অন্নং দদন্তী পাচকী মাং জিজ্ঞাসতি।

4. Construct short sentences to illustrate the use of :—

শতৃ, শানচ্, ক্ত্বা, তুমুন্, ল্যপ, ক্তবতু, ক্ত in কর্ম্মবাচ্য, ক্ত in কর্ত্তৃবাচ্য ক্ত in ভাববাচ্যে and তব্য, অনীয় and য।

5. Construct short sentences using the following roots in আত্মনে পদ :—

গম্, ক্রী, চর, ক্রম্, হ্বে and দা and in পরস্মৈপদ রম, বহ, কৃ, ক্ষিপ।

6. Change the voice of :—

(a) বালিকা, বহূন্ তরূন্ পুষ্পাণি চিনোতি (b) প্রভুঃ ভৃত্যং কটং কারয়তি, (c) আচার্য্যঃ শিষ্যান্ বেদম্ অধ্যাপয়তি। (d) শ্রীকৃষ্ণঃ অশ্বান্ রথং বাহয়তি (e) গোপাঃ ষোড়শ গাঃ দুগ্ধং অধোক্। (f) শিক্ষকঃ পঞ্চ প্রশ্নান্ ছাত্রান্ অপৃচ্ছৎ।

7. Distinguish between :—

(a) রাজা শত্রূন্ পরাজয়তে & রাজা শত্রুভ্যঃ পরাজয়তে।

(b) গুণবান্ সচিবঃ রাজায়তে & গুণবান্ শিষ্যঃ রাজীয়তি।

(c) উদকীয়তি পিপাসার্ত্তঃ & উদন্যতি পিপাসার্ত্তঃ।

43. সমাস।—(Compounds.)

১। পরস্পর অন্বিত দুই বা বহু পদকে একপদে পরিণত করাকে 'সমাস' কহে। সমাস করিলে প্রত্যেক পদের বিভক্তির লোপ হওয়ায় একটিমাত্র শব্দ নির্ম্মিত হয়; তৎপরে শেষের পদটিতে আবশ্যকমত বিভক্তি যোগ করিতে হয়। যথা—সুন্দরবালকঃ, পূর্ব্বে সুন্দরঃ বালকঃ এইরূপ ছিল; কিন্তু এই দুই পদকে একপদে পরিণত করাতে সুন্দরঃ ও বালকঃ দুই পদেরই বিভক্তির লোপ হইয়া 'সুন্দর বালক' হইল তাহার উত্তর আবশ্যক মত প্রথমাদি বিভক্তি যোগ করিয়া লইতে হয়। এখানে প্রথমা দেওয়া হইয়াছে।

সমাস কালে যে বাক্য বলিতে হয়, তাহার নাম 'ব্যাসবাক্য' (expound করা)। আর সমাস করিয়া যে পদ নিষ্পন্ন হয়, তাহাকে 'সমস্ত পদ' (compound word) বলে।

২। সমাস প্রধানতঃ চারি প্রকার যথা (১) সর্ব্বপদার্থপ্রধানো দ্বন্দ্বঃ (২) সর্ব্বপদার্থাপ্রধানো বহুব্রীহিঃ (৩) পরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ (৪) পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ। অর্থাৎ—

১। যে সমাসে সকল পদেরই অর্থ-প্রাধান্য থাকে, তাহার নাম দ্বন্দ্ব সমাস। যেমন পুষ্পঞ্চ ফলঞ্চ তে পুষ্পফলে ; এখানে পুষ্প ও ফল উভয়কেই বুঝাইল।

২। যে সমাসে সকল পদেরই অর্থ অপ্রধান থাকে, কোন পদকেই না বুঝাইয়া তদতিরিক্ত অন্য কোন পদার্থকে বুঝায় তাহার নাম বহুব্রীহি। যেমন দীর্ঘৌ বাহূ যস্য স দীর্ঘবাহুঃ, এখানে দীর্ঘ এবং বাহু এই দুইটি পদের কোনটিকেই না বুঝাইয়া যাহার দীর্ঘ বাহু আছে, সেই ব্যক্তিকেই বুঝাইল।

৩। যে সমাসে পরপদের অর্থ-প্রাধান্য থাকে, তাহার নাম তৎপুরুষ। যেমন রাজ্ঞঃ পুত্রঃ স রাজপুত্রঃ ; এখানে পূর্ব্বপদ রাজাকে না বুঝাইয়া পরপদ পুত্রকেই বুঝাইল।

৪। যে সমাসে পূর্ব্বপদটির অর্থই প্রধান, তাহার নাম অব্যয়ীভাব। যেমন কূলস্য সমীপে ইতি উপকূলম্ ; এখানে কূলকে না বুঝাইয়া তাহার সামীপ্য-বোধক 'উপ' এই অব্যয় পদটিকেই বুঝাইল।

N. B. পরপদের অর্থ-প্রাধান্য থাকায় কর্ম্মধারয় ও দ্বিগু সমাস তৎপুরুষেরই অন্তর্গত। যেমন গভীরঃ কূপঃ স গভীরকূপঃ এখানে পূর্ব্বপদ 'গভীর'কে না বুঝাইয়া পরপদ কূপকেই বুঝাইল।

ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ইতি ত্রিভুবনম্—এখানেও 'ত্রি' এই পূর্ব্বপদকে না বুঝাইয়া পরবর্ত্তী পদ ভুবনকেই বুঝাইল।

দ্বন্দ্ব।

প্রথমাবিভক্তিযুক্ত স্ব স্ব প্রধান দুই বা বহু পদের যে সমাস হয়, তাহার নাম 'দ্বন্দ্ব'। দ্বন্দ্ব সমাসের বাক্যে প্রত্যেক পদের পর 'চ' এই অব্যয় শব্দের প্রয়োগ করিতে হয়। দ্বন্দ্ব সমাসে শেষ পদের লিঙ্গ অনুসারে সমস্ত পদটির লিঙ্গ নির্ণীত হয়; যথা—বৃক্ষশ্চ ফলঞ্চ তে বৃক্ষফলে।

একবচনান্ত দুই পদে দ্বন্দ্ব সমাস হইলে সমস্ত পদ দ্বিবচনান্ত, এতদ্ভিন্ন অন্য সকল স্থলেই বহুবচনান্ত হয়; যথা—রামশ্চ লক্ষ্মণশ্চ তৌ, রামলক্ষ্মণৌ; দেবশ্চ গন্ধর্ব্বশ্চ কিন্নরশ্চ তে, দেবগন্ধর্ব্বকিন্নরাঃ।

৪। দ্বন্দ্ব সমাস দুই প্রকার; যথা--ইতরেতর ও সমাহার।

ইতরেতর।

৫। ইতরেতর দ্বন্দ্বে সমাসের অন্তর্গত প্রত্যেক পদের বচন অনুসারে সমস্ত-পদের বচন হয় এবং শেষ পদের লিঙ্গ অনুসারে সমস্ত-পদের লিঙ্গ হয়। যথা,—ভীমশ্চ অর্জ্জুনশ্চ, ভীমার্জ্জুনৌ; ফলঞ্চ পুষ্পঞ্চ, ফলপুষ্পে। তরুশ্চ লতা চ তরুলতে। সীতা চ ঊর্ম্মিলা চ, সীতোর্ম্মিলে; কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ কন্দমূলফলানি ইত্যাদি।

সমাহার।

৬। কখনও কখনও দ্বন্দ্ব সমাস করিলে সমস্ত পদ ক্লীবলিঙ্গ ও এক-বচনান্ত হইয়া থাকে। ইহাকে সমাহার দ্বন্দ্ব বলে। যথা,—পাণী চ, পাদৌ চ, পাণিপাদম্; এইরূপ ভুজঙ্গানুকর্ণম্; হস্তিনশ্চ অশ্বাশ্চ হস্ত্যশ্বম্। গোপাশ্চ নাপিতাশ্চ গোপনাপিতম্; অহয়শ্চ নকুলাশ্চ অহিনকুলম্; গঙ্গা চ শোণশ্চ গঙ্গাশোণম্। মথুরাচ পাটলিপুত্রশ্চ মথুরাপাটলিপুত্রম্। (কিন্তু গঙ্গাযমুনে অর্থাৎ অসমান লিঙ্গ স্থলে সমাহার হইবে এবং সমলিঙ্গ স্থলে ইতরেতর হইবে।)

একশেষ।

৭। কখন কখন দ্বন্দ্ব সমাসে সমানাকার পদের একটি পদ অবশিষ্ট থাকে; যথা—ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণশ্চ, ব্রাহ্মণৌ। একশব্দোৎপন্ন পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ পদের সমাসে পুংলিঙ্গ পদটি অবশিষ্ট থাকে; যথা—হংসশ্চ হংসী চ হংসৌ।

৮। দুহিতৃ প্রভৃতির সহিত দ্বন্দ্ব সমাসে পুত্রাদি পদ অবশিষ্ট থাকে; যথা—পুত্রশ্চ দুহিতা চ, পুত্রৌ; ভ্রাতা চ স্বসা চ, ভ্রাতরৌ; মাতা চ পিতা চ পিতরৌ (বা মাতাপিতরৌ, মাতরপিতরৌ); শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ, শ্বশুরৌ (বা শ্বশ্রূশ্বশুরৌ।

ক। সবিশেষ অনুধাবন করিয়া দেখিলে একশেষকে সমাস বলিয়া স্বীকার করিতে পারা যায় না। একশেষ সমাসেরই মত অথচ সমাস হইতে পৃথক্ একটি বৃত্তিমাত্র। একশেষকে সমাস বলিয়া স্বীকার করিলে, সমাসান্ত বিধির সূত্রগুলি অন্যান্য সমাসের ন্যায় একশেষেও প্রযোজ্য হইতে পারে। যেমন 'পুরপ্পথিভ্যঃ সমাসে' এই সূত্রানুসারে সমাস মাত্রেরই শেষস্থ পুর্ অপ্ ও পথিন্ শব্দের উত্তর 'অৎ' হইয়া যেমন রাজপথঃ (শিবস্য পূঃ) শিবপুরম্ (নির্মলাঃ আপঃ যস্মিন্ তৎ) নির্ম্মলাপং (সরঃ) ইত্যাদি পদ নিষ্পন্ন হয়, সেইরূপ পন্থাশ্চ পন্থাশ্চ এই বাক্যে 'পন্থানৌ' স্থলে পথৌ, এবং পন্থাশ্চ পন্থাশ্চ পন্থাশ্চ এই বাক্যে 'পন্থানঃ' স্থলে পথাঃ হইয়া পড়ে; কিন্তু ইহা ব্যাকরণ-সম্মত নহে। অতএব একশেষকে সমাস বলা চলে না।

বহুব্রীহি।

৯। যে দুই পদে সমাস করা যায়, তাহাদের অর্থ প্রধানরূপে না বুঝাইয়া যদি অন্য কোনও পদার্থকে বুঝায় তবে, তাহাকে 'বহুব্রীহি সমাস' বলে। সমস্ত পদটি বিশেষণ হয়; সুতরাং বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। যথা,—নির্ম্মলং জলং যস্মিন্ সঃ, নির্ম্মলজলঃ সরোবরঃ।

এখানে নির্ম্মল জল প্রধানরূপে না বুঝাইয়া নির্ম্মল-জল-বিশিষ্ট সরোবর বুঝাইল। এইরূপ পবিত্রং সলিলং যস্যাঃ সা, পবিত্রসলিলা নদী।

১০। বিশেষ্য পদ পরে থাকিলে এবং মহৎ শব্দ তাহার বিশেষণ রূপে ব্যবহৃত হইলে, সমাসে মহৎ শব্দের স্থানে মহা আদেশ হয়;—যথা— মহতী বুদ্ধির্যস্য সঃ, মহাবুদ্ধিঃ। মহান্ আশয়ঃ যস্য সঃ, মহাশয়ঃ।

১১। বহুব্রীহি সমাসে পূর্ব্বপদ স্ত্রীলিঙ্গের বিশেষণ হইলে, প্রায়ই উহা পুংলিঙ্গবৎ হয়; যথা—নির্ম্মলা মতিঃ যস্য সঃ, নির্ম্মলমতিঃ; সতী প্রবৃত্তিঃ যস্য সঃ, সৎপ্রবৃত্তিঃ; স্থূলা তনুঃ যস্য সঃ, স্থূলতনুঃ; সুন্দরী বুদ্ধির্যস্য সঃ, সুন্দরবুদ্ধিঃ। *

১২। স্বাঙ্গ বুঝাইলে বহুব্রীহি সমাসান্ত অক্ষি শব্দের উত্তর ষ (অ) প্রত্যয় হয়। যথা,—বিশালে অক্ষিণী যস্য স বিশালাক্ষঃ। স্ত্রীলিঙ্গে— বিশালাক্ষী।

১৩। বহুব্রীহি সমাসে ঋকারান্ত ও স্ত্রীলিঙ্গ ঈকারান্ত শব্দের উত্তর

---

* (ক) পূর্ব্বপদ সংজ্ঞাবাচক হইলে, তাহা পুংলিঙ্গবৎ হয় না। যথা—দত্তাভার্য্যা যস্য স দত্তাভার্য্যঃ; দত্তভার্য্যঃ হয় না।

(খ) পূর্ব্বপদ পূরণী প্রত্যয়ান্ত হইলে, হয় না। যথা,—পঞ্চমী ভার্য্যা যস্য সঃ পঞ্চমী-ভার্য্যঃ পঞ্চমভার্য্যঃ হয় না।

(গ) পূর্ব্বপদ তদ্ধিতের বা অকের 'ক' যুক্ত হইলেও হয় না। যথা--রসিকা ভার্য্যা যস্য সঃ রসিকাভার্য্যঃ এইরূপ পাচিকাভার্য্যঃ।

(ঘ) পূর্ব্বপদ উবন্ত হইলেও পুংবৎ হয় না। যথা—রম্ভোরূভার্য্যঃ এখানে রম্ভোরুভার্য্যঃ হইবে না।

(ঙ) পূর্ব্বপদ তদ্ধিত প্রত্যয় সম্ভূত বৃদ্ধিযুক্ত স্বরবর্ণ থাকিলেও পুংবদ্ভাব হইবে না। যথা—মৈথিলী ভার্য্যা যস্য সঃ মৈথিলীভার্য্যঃ এখানে মৈথিলভার্য্যঃ হইবে না।

(চ) পূর্ব্বপদে অঙ্গবাচক ঈকারান্ত পদ থাকিলেও পুংবদ্ভাব হয় না। যথা— সুকেশীভার্য্যঃ, সুমুখীভার্য্যঃ ইত্যাদি।

(ছ) জাতিবাচক হইলেও পুংবদ্ভাব হয় না। যথা—ব্রাহ্মণীভার্য্যঃ ইত্যাদি।

ক হয়; যথা—মৃতঃ পিতা যস্য স মৃতপিতৃকঃ; নদী মাতা যস্য (দেশস্য) সঃ নদীমাতৃকঃ; সু (শোভনা) শ্রীঃ যস্য স সুশ্রীকঃ ইত্যাদি।

১৪। উরস্ প্রভৃতি শব্দের উত্তরও ক প্রত্যয় হয়। যথা—বিশালম্ উরঃ যস্য সঃ বিশালোরস্কঃ এইরূপ অন্যমনস্কঃ ইত্যাদি।

১৫। সু হৃদয়ং যস্য স সুহৃদ্ (মিত্র); দুঃ (দুষ্টং) হৃদয়ং যস্য স দুর্হৃদ্ (শত্রু) এই দুইটি পদ নিপাতনসিদ্ধ। অন্যার্থে সুহৃদয়ঃ, সুহৃর্দয়ঃ।

তৎপুরুষ।

১৬। পূর্ব্বপদ দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী ইহাদের মধ্যে কোনও বিভক্তি যুক্ত হইলে, তাহার সহিত পরবর্ত্তী প্রথমান্ত পদের যে সমাস হয়, তাহাকে 'তৎপুরুষ' বলে। এই সমাসে সমস্ত ভাগ পরপদের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা,—

দ্বিতীয়া তৎপুরুষ—গৃহং গতঃ, গৃহগতঃ; দুঃখম্ অতীতঃ, দুঃখাতীতঃ; ভয়ং প্রাপ্তঃ, ভয়প্রাপ্তঃ।

তৃতীয়া তৎপুরুষ—শীতেন ঋতঃ, শীতার্ত্তঃ; গর্ব্বেণ শূন্যঃ, গর্ব্বশূন্যঃ।

চতুর্থী তৎপুরুষ—বিপ্রায় দত্তম্, বিপ্রদত্তম্; ধনায় লোভঃ ধনলোভঃ।

পঞ্চমী তৎপুরুষ—সর্পাৎ ভয়ম্, সর্পভয়ম্; বৃক্ষাৎ পতিতম্, বৃক্ষপতিতম্।

ষষ্ঠী তৎপুরুষ—গঙ্গায়াঃ জলম্, গঙ্গাজলম্; রাজ্ঞঃ পুত্রঃ, রাজপুত্রঃ।

সপ্তমী তৎপুরুষ—জলে মগ্নঃ, জলমগ্নঃ; রণে পণ্ডিতঃ, রণপণ্ডিতঃ।

১৭। নঞ্ তৎপুরুষ—পূর্ব্বপদ ন (নঞ্) এই অব্যয় হইলে যে তৎপুরুষ সমাস হয়, তাহাকে নঞ্ তৎপুরুষ বলে। স্বরবর্ণ পরে থাকিলে ঐ নঞ্ স্থানে অন্ ও ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অ হয়; যথা—ন উচিতঃ, অনুচিতঃ; ন ব্রাহ্মণঃ, অব্রাহ্মণঃ।

N. B কেহ কেহ কর্ম্মধারয় এবং দ্বিগুকে পৃথক্ সমাস বলিয়া স্বীকার করেন না। তাঁহাদিগের মতে ঐ দুইটিও তৎপুরুষের অন্তর্গত।

১৮। উপপদ তৎপুরুষ—উপপদের সহিত ধাতুর যে সমাস হয়, তাহাকে উপপদতৎপুরুষ বলে; যথা—বনে বসতি যঃ সঃ বনবাসী (বন—বস+ণিন্), কুম্ভং করোতি যঃ সঃ, কুম্ভকারঃ (কুম্ভ—কৃ+অণ্)।

কর্ম্মধারয়।

১৯। বিশেষণের সহিত বিশেষ্য পদের যে সমাস হয়, তাহার নাম 'কর্ম্মধারয়'। যথা—সাধুঃ পুরুষঃ, সাধুপুরুষঃ; সুন্দরঃ শিশুঃ, সুন্দরশিশুঃ; উন্নতঃ তরুঃ, উন্নততরুঃ; গভীরঃ কূপঃ, গভীরকূপঃ; লোহিতং পুষ্পম্, লোহিতপুষ্পম্; মধুরং ফলম্, মধুরফলম্। (a)

২০। এক বস্তুর সহিত অন্য বস্তুর অভিন্নতা কল্পনা করিয়া যে সমাস করা যায়, তাহাকে 'রূপক কর্ম্মধারয়' বলে। রূপক কর্ম্মধারয়ের ব্যাস-বাক্যের মধ্যে 'এব' শব্দ ব্যবহৃত হয়; যথা—বিদ্যা এব রত্নম্, বিদ্যারত্নম্; দুঃখম্ এব অর্ণবঃ, দুঃখার্ণবঃ ইত্যাদি।

২১। দুই বস্তুর পরস্পর উপমান উপমেয় ভাব বুঝাইলে অর্থাৎ উপমান পদের সহিত উপমেয় পদের (b) যখন সমাস হয়, তখন তাহাকে 'উপমিত কর্ম্মধারয় সমাস' কহে; যথা—পুরুষঃ সিংহ ইব, পুরুষসিংহঃ।

২২। উপমান ও উপমেয় পদের সাধারণ ধর্ম্মের সহিত উপমান-বাচক

(a) বিশেষণ পদের সহিত বিশেষ্যের ন্যায় ব্যবহৃত বিশেষণ পদেরও সমাস হয়; যথা—পরমধার্ম্মিকঃ, নীলোজ্জ্বলঃ ইত্যাদি।

(b) যাহার সহিত কোন বস্তুর তুলনা করা যায়, তাহা উপমান এবং যাহার তুলনা করা যায়, তাহা উপমেয় বা উপমিত।

অনেকের মতে ইহা মধ্যপদলোপী কর্ম্মধারয়।

পদের যখন সমাস হয়, তখন তাহাকে 'উপমান কর্ম্মধারয়' সমাস কহে ; যথা—মৃণালমিব ধবলম্, মৃণালধবলম্।

২৩। দুই বিশেষ্য পদের মধ্যবর্ত্তী যুক্ত, মিশ্রিত প্রভৃতি পদের লোপ করিয়া যে কর্ম্মধারয় সমাস হয়, তাহাকে 'মধ্যপদলোপী কর্ম্মধারয়' বলে ; যথা—বিন্ধ্যনামা পর্ব্বতঃ, বিন্ধ্যপর্ব্বতঃ, ঘৃতযুক্তম্ অন্নম্ ঘৃতান্নম্ ; সিংহাঙ্কিতম্ আসনম্, সিংহাসনম্ ইত্যাদি।

২৪। বহুব্রীহির ন্যায় কর্ম্মধারয় সমাসেও পূর্ব্বপদ বিশেষণ স্ত্রীলিঙ্গ শব্দ হইলে তাহার পুংবদ্ভাব হয়। যথা—তীক্ষ্ণা বুদ্ধিঃ সা তীক্ষ্ণবুদ্ধিঃ ; সুশীলা বালিকা সুশীলবালিকা।

২৫। বহুব্রীহি সমাসে যে যে স্থলে পুংবদ্ভাব নিষিদ্ধ হইয়াছে। কর্ম্মধারয় সমাসে সেই সেই স্থলে পুংবদ্ভাব হইবে ; কেবল উবন্ত পদের পুংবদ্ভাব হয় না। যথা—দত্তা ভার্য্যা দত্তভার্য্যা ; পাচিকা চাসৌ ভার্য্যা চ পাচকভার্য্যা ইত্যাদি। কিন্তু রম্ভোরূঃ চাসৌ ভার্য্যাচ ইতি রম্ভোরূভার্য্যা।

দ্বিগু।

২৪৩। সংখ্যাবাচক পদ পূর্ব্বে থাকিয়া যদি সমাহার হয় অর্থাৎ এককালে অনেক বস্তুর সমষ্টি বুঝায়, তাহাকে 'সমাহার দ্বিগু' বলে। সমাহার দ্বিগু-নিষ্পন্ন পদ কোন কোন স্থলে ক্লীবলিঙ্গের একবচনান্ত হয় ও কোন কোন স্থলে ঈকারান্ত স্ত্রীলিঙ্গ হয় ; যথা—ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ, ত্রিভুবনম্ ; পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ, পঞ্চপাত্রম্ ; পঞ্চানাং রাত্রীণাং সমাহারঃ, পঞ্চরাত্রম্ ; ত্রয়াণাং লোকানাং সমাহারঃ, ত্রিলোকী ; পঞ্চানাং বটানাং সমাহারঃ, পঞ্চবটী ইত্যাদি।

অব্যয়ীভাব।

২৪৪। অব্যয় পদ পূর্ব্বে থাকিয়া সামীপ্য, বীপ্সা, পর্য্যন্ত, যোগ্যতা, পশ্চাৎ, অনতিক্রম, অভাব ইত্যাদির মধ্যে কোন একটি অর্থ ব্যক্ত করিলে,

যে সমাস হয়, তাহার নাম 'অব্যয়ীভাব'। এই সমাসে সমস্ত পদ ক্লীবলিঙ্গ হয় এবং সর্ব্বত্রই দ্বিতীয়ার একবচনের ন্যায় রূপ হইয়া থাকে। (a); যথা—সামীপ্য—কূলস্য সমীপম্ উপকূলম্; বীপ্সা--দিনম্ দিনম্, প্রতিদিনম্; পর্য্যন্ত—সমুদ্রপর্য্যন্তম্, আসমুদ্রম্; যোগ্যতা—রূপস্য যোগ্যম্ অনুরূপম্; পশ্চাৎ—পদস্য পশ্চাৎ, অনুপদম্; অনতিক্রম—শক্তিম্ অনতিক্রম্য, যথাশক্তি; অভাব—বিঘ্নস্য অভাবঃ, নির্ব্বিঘ্নম্; ভিক্ষায়াঃ অভাবঃ, দুর্ভিক্ষম্ ইত্যাদি।

EXERCISE 43.

1. Define a সমাস। How many kinds of সমাস are there?

Name the different সমাস and give an example of each of them.

2. Form compound words with :—

বাহবশ্চ উদরাণিচ বক্ত্রাণিচ নেত্রাণিচ। মাতাচ পিতাচ। মহৎ সরঃ। বনে বসতি যঃ সঃ। ভগ্নাঃ শাখাঃ যস্য সঃ। মহতঃ গৃহম্। বিমলং সলিলং যস্যাঃ সা। শক্তিম্ অনতিক্রম্য। মুখম্ চন্দ্র ইব। সুন্দরী নারী। দ্যৌশ্চ পৃথিবী চ। চত্বারঃ ভুজাঃ যস্য সঃ। মৃতা মাতা যস্য সঃ। সুখঞ্চ দুঃখঞ্চ। নদ্যাঃ জলম্। কৃষ্ণস্য সখা। ধর্ম্মায় ইদম্।

3. Expound the samasas in :—

মহাবাহুঃ; ব্যাঘ্রভয়ম্, বিশালাক্ষী, সহোদরঃ, কুম্ভকারঃ, দীননাথঃ; শোকার্ণবঃ, দুর্ভিক্ষম্, পুরুষসিংহঃ, জলমগ্নঃ, শয্যাশায়ী, দুগ্ধধবলম্, হতদর্পঃ,

---

(a) কিন্তু অকারান্ত শব্দের উত্তর পঞ্চমী স্থানে হয় না এবং তৃতীয়া ও সপ্তমী স্থানে বিকল্পে হয়; যথা—উপকূলাৎ; উপকূলেন, উপকূলম্; উপেকূল. উপকূলম্।

N. B. এতদ্ ব্যতিরিক্ত আর একপ্রকার সমাস আছে, তাহাকে সহসুপা বা সুপ্‌সুপা বলে—যথা পূর্ব্বং ভূতঃ ভূতপূর্ব্বঃ।

দম্পতী, দণ্ডপাণিঃ, স্নাতানুলিপ্তঃ, ত্রিলোকী, পীতাম্বরঃ, অহোরাত্রঃ, মহাদেবঃ রাজপথঃ, বিশালতরবঃ, মুনিশ্রেষ্ঠঃ, কুলভ্রষ্টঃ, উপবনম্ and শরণাপন্নঃ।

---

44 তদ্ধিত প্রত্যয়।

Nominal affixes.

১। অর্থবিশেষে শব্দের উত্তর ত্ব, তা, মৎ, বৎ প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদিগকে 'তদ্ধিত' বলে। তদ্ধিত প্রত্যয় অনেক; তাহাদের মধ্যে কতকগুলির বিষয় সংক্ষেপে লিখিত হইতেছে।

ত্ব ও তা।

২। ভাব অর্থে শব্দের উত্তর ত্ব ও তা প্রত্যয় হয়। ত্ব-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ ও তা-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা—প্রভুত্বম্ প্রভুতা—প্রভুর ভাব; সাধুত্বম্, সাধুতা—সাধুর ভাব। এইরূপ, পশুত্বম্ পশুতা; লঘুত্বম্, লঘুতা ইত্যাদি।

বতিচ্ (বৎ)

৩। সাদৃশ্য বুঝাইলে শব্দের উত্তর বতিচ্ প্রত্যয় হয়; বতিচের বৎ থাকে। বতিচ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—মাতৃবৎ, মাতার মত; পুত্রবৎ, পুত্রের মত; পিতৃবৎ, পিতার মত; জলবৎ, জলের মত; গুরুবৎ, গুরুর মত ইত্যাদি।

মৎ ও বৎ (মতু ও বতু)।

৪। আছে অর্থে শব্দের উত্তর মৎ (মতু) হয়; কিন্তু শব্দের অন্তে বা উপান্তে অবর্ণ কিংবা ম থাকিলে, অথবা অন্তে বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণ থাকিলে বৎ (বতু) হয়। মৎ যথা—শ্রী যার আছে, শ্রীমান্; বুদ্ধি যার আছে, বুদ্ধিমান্। এইরূপ ধীমান্, অগ্নিমান্, বায়ুমান্, নদীমান্ ইত্যাদি। বৎ যথা—জ্ঞানবান, দয়াবান্, বিদ্যাবান্।

বিন্।

৫। মায়া, মেধা, স্রজ্ ও অস্‌ভাগান্ত শব্দের উত্তর আছে অর্থে বিকল্পে বিন্ হয়। যথা—মায়াবী, মেধাবী, স্রগ্বী, যশস্বী, তেজস্বী। পক্ষে—মায়াবান্, মেধাবান্ ইত্যাদি। কিন্তু তপস্ শব্দের উত্তর নিত্য বিন্ হয়। যথা—তপস্বী।

ইন্।

৬। একের অধিক স্বরবিশিষ্ট অবর্ণান্ত শব্দের উত্তর আছে এই অর্থে বিকল্পে ইন্ হয়। ইন্ প্রত্যয় হইলে অন্ত্যস্বরের লোপ হয়। যথা—ধনী, জ্ঞানী, গুণী। পক্ষে ধনবান্ জ্ঞানবান্, গুণবান্ ইত্যাদি। কিন্তু সুখ, দুঃখ প্রভৃতি শব্দের উত্তর নিত্য ইন্ হয়। যথা—সুখী, দুঃখী ইত্যাদি।

ল, ইল, শ এবং র।

৭। আছে অর্থে শীত প্রভৃতির উত্তর ল, ফেন প্রভৃতির উত্তর ইল, লোম প্রভৃতির উত্তর শ, এবং মধু প্রভৃতির উত্তর র প্রত্যয় হয়। যথা—ল—শীতলঃ মাংসলঃ, শ্যামলঃ, পিঙ্গলঃ, মৃদুলঃ। ইল—ফেনিলঃ, পঙ্কিলঃ। শ—লোমশঃ, রোমশঃ, কপিশঃ, কর্কশঃ। র—মধুরঃ, নখরঃ, মুখরঃ, কুঞ্জরঃ, কেশরঃ, নগরম্।

৮। অপত্য অর্থে শব্দের উত্তর ষ্ণি, ষ্ণেয়, ষ্ণিক, ষ্ণ্য, ষ্ণ, ষ্ণায়ন এবং ণীয় প্রত্যয় হয়। এই সকল প্রত্যয় পরে শব্দের আদি স্বরের বৃদ্ধি হয়। যথা—

ষ্ণি (ই)।

দশরথস্য অপত্যং পুমান্—দাশরথিঃ। সুমিত্রায়াঃ অপত্যং পুমান্—সৌমিত্রিঃ। এইরূপ, দ্রোণ—দ্রৌণিঃ। শূর—শৌরিঃ।

ষ্ণেয় (এয়)।

গঙ্গায়াঃ অপত্যম্—গাঙ্গেয়ঃ। রাধায়াঃ অপত্যম্—রাধেয়ঃ। এইরূপ কুন্তী—কৌন্তেয়ঃ। ভগিনী—ভাগিনেয়ঃ।

ষ্ণিক (ইক)।

রেবত্যাঃ অপত্যং পুমান্—রৈবতিকঃ।

ষ্ণ্য (য)।

অদিতেরপত্যং পুমান্—আদিত্যঃ। গর্গস্যাপত্যম্—গার্গ্যঃ। চণকস্যাপত্যম্—চাণক্যঃ। প্রজাপতেরপত্যম্—প্রাজাপত্যঃ।

ষ্ণ (অ)।

রঘোরপত্যং পুমান্—রাঘবঃ। এইরূপ, যদু—যাদবঃ। পাণ্ডু—পাণ্ডবঃ। মনু—মানবঃ। পুত্র—পৌত্রঃ। দুহিতৃ—দৌহিত্রঃ। বসুদেব—বাসুদেবঃ।

ষ্ণায়ন (আয়ন)।

নরস্যাপত্যম্—নারায়ণঃ। দক্ষস্যাপত্যম্—দাক্ষায়ণঃ।

ণীয় (ঈয়)।

পিতৃস্বসৃ—পৈতৃস্বস্রীয়ঃ, মাতৃস্বসৃ—মাতৃস্বস্রীয়ঃ।

৯। অপত্যার্থে যে সকল প্রত্যয় বিহিত হইল, তৎসমুদায় এবং ষ্ণীক (ঈক), ণীন (ঈন), ইয় ও কণ্ (ক) এই চারি প্রত্যয় অন্যান্য অর্থেও হইয়া থাকে। যথা—শক্ত্যা যুধ্যতে, শাক্তীকঃ। গ্রামে ভবঃ, গ্রামীণঃ বা গ্রাম্যঃ। অশ্ব এব অশ্বকঃ। তর্কং বেত্তি, তার্কিকঃ। স্মৃতিং বেত্তি, স্মার্ত্তঃ। শব্দং বেত্তিঃ শাব্দিকঃ। সপ্তাহে ভবতি, সাপ্তাহিকম্। দিনে ভবতি, দৈনিকম্। মাসে ভবতি, মাসিকম্। কায়েন কৃতম্ কায়িকম্ ইত্যাদি।

১০। বিকার, ভাব, সম্বন্ধ, হিত ও স্বার্থ প্রভৃতি অর্থেও উক্ত প্রত্যয় সকল হইয়া থাকে। যথা,—

বিকারার্থে—হেম্নঃ বিকারঃ, হৈমঃ। পয়সঃ বিকারঃ, পায়সম্।

ভাবার্থে—বৃদ্ধস্য ভাবঃ, বার্দ্ধকম্। সুন্দরস্য ভাবঃ, সৌন্দর্য্যম্।

সম্বন্ধে—তব ইদম্ ত্বদীয়ম্। মম ইদং মদীয়ম্। অস্মাকম্ ইদম্ অস্মদীয়ম্।

হিতার্থে—ব্রহ্মণে হিতম্, ব্রহ্মণ্যম্। যজ্ঞায় হিতম্ যজ্ঞিয়ম্।

সাধু অর্থে—সমাজে সাধুঃ, সামাজিকঃ। বেদে সাধুঃ বৈদিকঃ।
স্বার্থে—চোর এব, চৌরঃ।

তর ও ঈয়স। (Comparative Degree)

১১। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, উৎকর্ষ-বোধক বিশেষণ-শব্দের উত্তর তর ও ঈয়স্ প্রত্যয় হয়। যথা,—লঘু—লঘুতরঃ, লঘীয়ান্; দৃঢ়—দৃঢ়তরঃ, দ্রঢ়ীয়ান্; মৃদু—মৃদুতরঃ, ম্রদীয়ান্।

তম ও ইষ্ঠ। (Superlative Degree)

১২। বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, উৎকর্ষ-বোধক বিশেষণ শব্দের উত্তর তম ও ইষ্ঠ প্রত্যয় হয়। যথা,—লঘু—লঘুতমঃ, লঘিষ্ঠঃ; দৃঢ়—দৃঢ়তমঃ, দ্রঢ়িষ্ঠঃ; মৃদুতমঃ, ম্রদিষ্ঠঃ।

১৩। ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয় করিয়া নিম্নলিখিত শব্দগুলি নিপাতনে হইয়াছে।

শব্দ	ঈয়স্ (Comparative)	ইষ্ঠ (Superlative)
প্রশস্য	শ্রেয়স্, জ্যায়স্	শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ
বৃদ্ধ	বর্ষীয়স্, জ্যায়স্	বর্ষিষ্ঠ, জ্যেষ্ঠ
অন্তিক	নেদীয়স্	নেদিষ্ঠ
বাঢ়	সাধীয়স্	সাধিষ্ঠ
অল্প	কনীয়স্, অল্পীয়স্	কনিষ্ঠ, অল্পিষ্ঠ
যুবন্	কনীয়স্, যবীয়স্	কনিষ্ঠ, যবিষ্ঠ
স্থূল	স্থবীয়স্	স্থবিষ্ঠ
দূর	দবীয়স্	দবিষ্ঠ
উরু	বরীয়স্	বরিষ্ঠ
ক্ষুদ্র	ক্ষোদীয়স্	ক্ষোদিষ্ঠ
ক্ষিপ্র	ক্ষেপীয়স্	ক্ষেপিষ্ঠ

বহুল	বংহীয়স্	বংহিষ্ঠ
স্থির	স্থেয়স্	স্থেষ্ঠ
বহু	ভূয়স্	ভূয়িষ্ঠ

১৪। ভাবার্থে গুণবাচক বিশেষণ শব্দের উত্তর ইমন্ প্রত্যয় হয়; যথা—নীলস্য ভাবঃ নীলিমন্, মহৎ—মহিমন্, লঘু—লঘিমন্, গুরু—গরিমন্।

পূরণার্থ-প্রত্যয়।

১৫। পূরণ অর্থে দ্বি ও ত্রি শব্দের উত্তর তীয়, চতুর্ ও ষষ্ শব্দের উত্তর থট্ (থ), পঞ্চন্ হইতে দশন্ পর্য্যন্ত নকারান্ত শব্দের উত্তর মট্ (ম), একাদশন্ হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত নকারান্ত শব্দের উত্তর ডট্ (অ), বিংশতি হইতে পঞ্চাশৎ পর্য্যন্ত শব্দের উত্তর তমট্ ও ডট্ এবং ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি, শত, সহস্র প্রভৃতি শব্দের উত্তর তমট্ (তম) হয়। যথা—দ্বিতীয়ঃ তৃতীয়ঃ চতুর্থঃ পঞ্চমঃ ষষ্ঠঃ সপ্তমঃ, একাদশঃ, ঊনবিংশতিতমঃ ঊনবিংশঃ, ত্রিংশত্তমঃ ত্রিংশঃ চত্বারিংশত্তমঃ চত্বারিংশঃ পঞ্চাশত্তমঃ পঞ্চাশঃ, ষষ্টিতমঃ, সপ্ততিতমঃ, অশীতিতমঃ, নবতিতমঃ, শততমঃ, সহস্রতমঃ ইত্যাদি।

ইত।

১৬। তাহা ইহার জন্মিয়াছে এই অর্থে তারকাদি শব্দের উত্তর ইত প্রত্যয় হয়। যথা—তারকা অস্য সংজাতাঃ তারকিতং (নভঃ), ফলানি অস্য সংজাতানি ফলিতঃ (বৃক্ষঃ), পুষ্প—পুষ্পিতঃ, পিপাসা—পিপাসিতঃ, ব্যাধি—ব্যাধিতঃ সুখ—সুখিতঃ, দুঃখ—দুঃখিতঃ ইত্যাদি।

ময়ট্ (ময়)

১৭। স্বরূপ, বিকার, ব্যাপ্তি, অবয়ব ও সংসর্গ অর্থে ময়ট্ (ময়) প্রত্যয় হয়। যথা—স্বরূপ অর্থে—আনন্দময়ঃ। বিকার অর্থে—স্বর্ণস্য বিকারঃ, স্বর্ণময়ঃ। ব্যাপ্তি অর্থে—ধূমেন ব্যাপ্তং, ধূমময়ম্, জলময়ী পৃথিবী। অবয়ব অর্থে—কাষ্ঠম্ অবয়বোঽস্য কাষ্ঠময়ম্, প্রস্তরময়ী প্রতিমা। সংসর্গ অর্থে—ঘৃতেন সংসৃষ্টম্, ঘৃতময়ম্ (ব্যঞ্জনম্)।

থা।

১৮। প্রকার অর্থে অধিকাংশ সর্ব্বনামের উত্তর থা প্রত্যয় হয়। থা-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—সর্ব্বৈঃ প্রকারৈঃ, সর্ব্বথা। অন্যেন প্রকারেণ, অন্যথা। উভয়েন প্রকারেণ, উভয়থা।

ধা

১৯। প্রকার অর্থে সংখ্যাবাচক শব্দের উত্তর ধা প্রত্যয় হয়। ধা-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ অব্যয়। যথা—একপ্রকারং, একধা; দ্বিপ্রকারং, দ্বিধা; ত্রিপ্রকারং, ত্রিধা; পঞ্চধা; নব-প্রকারং, নবধা।

২০। সচরাচর পঞ্চমী ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে তস্ হয়। প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—পঞ্চমী—গ্রামাৎ, গ্রামতঃ; গৃহাৎ ঃ; লোকাৎ, লোকতঃ। সপ্তমী—গৃহে, গৃহতঃ; সর্ব্বস্মিন্, সর্ব্বতঃ; , অগ্রতঃ।

ত্র, তন।

। অস্মদ্ ও যুষ্মদ্ শব্দ ভিন্ন সর্ব্বনাম শব্দের সপ্তমী বিভক্তি স্থানে ত্র প্রত্যয় হয়। ত্র-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—সর্ব্বস্মিন্, সর্ব্বত্র; অন্যত্র; একস্মিন্, একত্র।

সায়ং, চিরং প্রভৃতি অব্যয়ের উত্তর 'সেই সময়ে উৎপন্ন' এই প্রত্যয় হয়।—যথা—সায়ন্তনঃ, চিরন্তনঃ; এইরূপ পুরাতনঃ, অদ্যতনঃ, অধুনাতনঃ সনাতনঃ ইত্যাদি।

চিৎ ও চন।

ভক্তিযুক্ত কিম্ শব্দের উত্তর অনিশ্চয়ার্থে চিৎ ও চন প্রত্যয় চন-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—কঃ—কশ্চিৎ, কশ্চন; চন; কিম্—কিঞ্চিৎ, কিঞ্চন; কে—কেচিৎ, কেচন। কস্যচিৎ ইত্যাদি।

চ্বি।

২৪। অভূত-তদ্ভাবে অর্থাৎ পূর্ব্বে ছিল না এখন হইয়াছে, এই অর্থে ভূ ও কৃ ধাতুর যোগে শব্দের উত্তর চ্বি (০) প্রত্যয় হয়। চ্বি পরে অকার ও আকারের স্থানে ঈ, ঋ স্থানে রী এবং হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যথা—পূর্ব্বে রাশি ছিল না এখন রাশি করা হইয়াছে, এই অর্থে রাশীকৃত। এইরূপ ঘনীভূত, স্থিরীকৃত, লঘূকরণ ইত্যাদি।

EXERCISE. 44.

1. Define তদ্ধিত প্রত্যয়। Name and illustrate the use of some of the তদ্ধিত affixes.

2. Substitute a single তদ্ধিতান্ত word for each of the following :—

লঘোর্ভাবঃ। পিতা ইব। অগ্নিরস্তি যস্য সঃ। জ্ঞানমস্তি যস্যাঃ সা। দ্রোণস্য অপত্যং পুমান্। ভগিন্যাঃ পুত্রঃ। পুত্রস্য অপত্যং স্ত্রী। পর্ব্বতে ভবঃ। মনসা কৃতম্। বৃদ্ধস্য ভাবঃ। মম ইয়ম্। অস্মাকম্ ইদম্। অয়ম্ অনয়োঃ মৃদুঃ। অয়মেষু লঘুঃ। সুখং জাতম্ অস্য। ঘৃতেন সংসৃষ্টম্। দ্বাভ্যাং প্রকারাভ্যাম্। মৃদঃ বিকারঃ। ধূমেন ব্যাপ্তম্। তারকাঃ জাতাঃ অস্য। দুহিতুঃ অপত্যং স্ত্রী। পূর্ব্বস্মাৎ। যস্মাৎ।

Form comparatives and superlatives of the following with ঈয়স্ and ইষ্ঠ :—

স্থির, অল্প, যুবন্, বহু, বৃদ্ধ, দূর and ধনী।

থা।

১৮। প্রকার অর্থে অধিকাংশ সর্ব্বনামের উত্তর থা প্রত্যয় হয়। থা-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—সর্ব্বৈঃ প্রকারৈঃ, সর্ব্বথা। অন্যেন প্রকারেণ, অন্যথা। উভয়েন প্রকারেণ, উভয়থা।

ধা

১৯। প্রকার অর্থে সংখ্যাবাচক শব্দের উত্তর ধা প্রত্যয় হয়। ধা-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ অব্যয়। যথা—একপ্রকারং, একধা; দ্বিপ্রকারং, দ্বিধা; ত্রিপ্রকারং, ত্রিধা; পঞ্চধা; নব-প্রকারং, নবধা।

২০। সচরাচর পঞ্চমী ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে তস্ হয়। তস্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—পঞ্চমী—গ্রামাৎ, গ্রামতঃ; গৃহাৎ গৃহতঃ; লোকাৎ, লোকতঃ। সপ্তমী—গৃহে, গৃহতঃ; সর্ব্বস্মিন্, সর্ব্বতঃ; অগ্রে, অগ্রতঃ।

ত্র, তন।

২১। অস্মদ্ ও যুষ্মদ্ শব্দ ভিন্ন সর্ব্বনাম শব্দের সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে ত্র প্রত্যয় হয়। ত্র-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—সর্ব্বস্মিন্, সর্ব্বত্র; অন্যস্মিন্, অন্যত্র; একস্মিন্, একত্র।

২২। সায়ং, চিরং প্রভৃতি অব্যয়ের উত্তর 'সেই সময়ে উৎপন্ন' এই অর্থে তন প্রত্যয় হয়।—যথা—সায়ন্তনঃ, চিরন্তনঃ; এইরূপ পুরাতনঃ, ইদানীন্তনঃ, অদ্যতনঃ, অধুনাতনঃ সনাতনঃ ইত্যাদি।

চিৎ ও চন।

২৩। বিভক্তিযুক্ত কিম্ শব্দের উত্তর অনিশ্চয়ার্থে চিৎ ও চন প্রত্যয় হয়। চিৎ ও চন-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—কঃ—কশ্চিৎ, কশ্চন; কা—কাচিৎ, কাচন; কিম্—কিঞ্চিৎ, কিঞ্চন; কে—কেচিৎ, কেচন। এইরূপ, কেনচিৎ, কস্যচিৎ ইত্যাদি।

চ্বি।

২৪। অভূত-তদ্ভাবে অর্থাৎ পূর্ব্বে ছিল না এখন হইয়াছে, এই অর্থে ভূ ও কৃ ধাতুর যোগে শব্দের উত্তর চ্বি (০) প্রত্যয় হয়। চ্বি পরে অকার ও আকারের স্থানে ঈ, ঋ স্থানে রী এবং হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যথা—পূর্ব্বে রাশি ছিল না এখন রাশি করা হইয়াছে, এই অর্থে রাশীকৃত। এইরূপ ঘনীভূত, স্থিরীকৃত, লঘূকরণ ইত্যাদি।

EXERCISE. 44.

1. Define তদ্ধিত প্রত্যয়। Name and illustrate the use of some of the তদ্ধিত affixes.

2. Substitute a single তদ্ধিতান্ত word for each of the following :—

লঘোর্ভাবঃ। পিতা ইব। অগ্নিরস্তি যস্য সঃ। জ্ঞানমস্তি যস্যাঃ সা। দ্রোণস্য অপত্যং পুমান্। ভগিন্যাঃ পুত্রঃ। পুত্রস্য অপত্যং স্ত্রী। পর্ব্বতে ভবঃ। মনসা কৃতম্। বৃদ্ধস্য ভাবঃ। মম ইয়ম্। অস্মাকম্ ইদম্। অয়ম্ অনয়োঃ মৃদুঃ। অয়মেষু লঘুঃ। সুখং জাতম্ অস্য। ঘৃতেন সংসৃষ্টম্। দ্বাভ্যাং প্রকারাভ্যাম্। মৃদঃ বিকারঃ। ধূমেন ব্যাপ্তম্। তারকাঃ জাতাঃ অস্য। দুহিতুঃ অপত্যং স্ত্রী। পূর্ব্বস্মাৎ। যস্মাৎ।

Form comparatives and superlatives of the following with ঈয়স্ and ইষ্ঠ :—

স্থির, অল্প, যুবন্, বহু, বৃদ্ধ, দূর and ধনী।